

১২০০ জনবল ছাঁটাই করবে সিআইএ

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা সিআইএ কয়েক বছরের মধ্যে প্রায় ১২০০ জনবল ছাঁটাই করবে *৫-এর পৃষ্ঠায় দেখুন*

মে দিবসে যুক্তরাষ্ট্রজুড়ে ট্রাম্পবিরোধী বিক্ষোভ

বাংলা পত্রিকা ডেস্ক: মে দিবসে যুক্তরাষ্ট্রজুড়ে ট্রাম্পবিরোধী বিক্ষোভ অনুষ্ঠিত হয়েছে। এ বিক্ষোভে হাজারো মানুষ অংশ নেয়। ট্রাম্প প্রশাসনের প্রথম ১০০ দিনে অভিবাসী ও ফেডারেল কর্মীদের বিরুদ্ধে বিতর্কিত সিদ্ধান্তের প্রতিবাদে এ দিনে যুক্তরাষ্ট্রের ৫০টি অঙ্গরাজ্যে এই বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। খবর সিএনএন ও এএফপির

লস অ্যাঞ্জেলেস, নিউ ইয়র্ক সিটি, ডেনভার, শিকাগো, ওয়াশিংটনসহ দেশের সব বড় বড় শহরে হাজারো মানুষ বিক্ষোভে অংশ নেন। ছোট শহরগুলোর রাস্তাতেও বিক্ষোভকারীরা সমবেত হন। মে দিবস ও *৫-এর পৃষ্ঠায় দেখুন*

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

পথচলায় ২৯ বছর

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 31 / May 5, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৩১ ॥ সোমবার, বৈশাখ ২২, ১৪৩২ ॥ জিলকদ ৬, ১৪৪৬

কনজেশন টোল: এমটিএ'র আয় ১৫৯ মিলিয়ন ডলার

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটির বহুল আলোচিত যানজট মূল্যের কারণে গত তিন মাসে এমটিএ'র ১৫৯ মিলিয়ন ডলার আয় হয়েছে। ট্রাম্প প্রশাসন বিতর্কিত এই উদ্যোগের অবসান ঘটাতে চাপ দেওয়ার পরও সিটির যানজট কমানো এবং বায়ুর মান উন্নত রাখতে এমটিএ কনজেশন অব্যাহত রাখে। এমটিএ কর্তৃপক্ষ গত ২৮ এপ্রিল সোমবার এই তথ্য জানিয়ে বলেছে- ম্যানহাটনের ৬০তম স্ট্রিটের দক্ষিণে গাড়ি চালানোর জন্য বেশিরভাগ চালক ব্যস্ত সময়ে ৯ ডলার ব্যয় করেন। চলতি *১২-এর পৃষ্ঠায় দেখুন*

সামান্য ভুলেও বাতিল হবে নন সিটিজেনদের ভিসা!

বাংলা পত্রিকা রিপোর্ট: এখন থেকে সামন্য ভুল কিংবা ছোট অপরাধে অভিযুক্ত হলেই নন ইমিগ্র্যান্টদের ভিসা বাতিল করবে যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট। শুক্রবার নিজের এক্স হ্যান্ডেলে এমনটি ঘোষণা দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। এতে করে প্রেসিডেন্ট ট্রাম্প প্রশাসনের অভিবাসন বিরোধী কঠোর নীতিতে গ্রীন কার্ডধারী, স্টুডেন্ট ভিসা, বিনিয়োগ ও ওয়ার্ক পারমিট সহ নন সিটিজেন যত ভিসাধারী আছেন সামান্য অপরাধে বিনা নোটিশে তাদের ভিসা স্ট্যাটাস বাতিল করা হবে।

মার্কো রুবিও এক্স হ্যান্ডেলে লিখেন 'ক্যাচ এন্ড রিভোক' (ধরো এবং বাতিল করো) নীতির আওতায় এখন নন সিটিজেন কেউ যদি বৈধভাবে অবস্থান করে এদেশের আইন ভঙ্গ করেন আমরা তাদের ভিসা বাতিল করবো *৫-এর পৃষ্ঠায় দেখুন*

ফ্লোরিডায় এক সপ্তাহে রেকর্ড অভিবাসী গ্রেপ্তার

বাংলা পত্রিকা ডেস্ক: ফ্লোরিডা এগিয়ে যাচ্ছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অভিবাসী বহিষ্কার অভিযানে। রাজ্যের সব ৬৭টি কাউন্টির পুলিশসহ ৫০০-র বেশি সংস্থা চুক্তিবদ্ধ হয়েছে। এক সপ্তাহে ৮০০-র মতো অভিবাসী গ্রেফতার-অভিযান পরিচালনায় ছিল ফ্লোরিডা হাইওয়ে প্যাট্রোল। অভিযোগ রয়েছে, অনেককে ধরা হয়েছে কাজ শেষে বাসায় ফেরার পথে, কারও কারও বৈধ কাগজপত্র থাকা সত্ত্বেও।

এমন অবস্থায় আশ্রয়প্রার্থীরা আতঙ্কে সময় পার করছেন, সেই সাথে পরিবারগুলোর মনোবল ভেঙে পড়ছে। অভিবাসী সংগঠনগুলোর দাবি-এটি মানবাধিকারের লঙ্ঘন। *১২-এর পৃষ্ঠায় দেখুন*

কুখ্যাত 'আলক্যাট্রাজ' কারাগার পুনরায় খোলার ঘোষণা



বাংলা পত্রিকা রিপোর্ট: ক্যালিফোর্নিয়ার সান ফ্রান্সিসকোর একটি দ্বীপে অবস্থিত কুখ্যাত 'আলক্যাট্রাজ' কারাগারটি আবার পুনরায় খোলার ঘোষণা দিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। রোববার ট্রাম্প তাঁর সোশ্যাল ট্রুথের একটি পোস্টে এ ঘোষণা দেন।

প্রেসিডেন্ট ট্রাম্প তাঁর পোস্টে লিখেন, সবচেয়ে নিষ্ঠুর ও সহিংস অপরাধীদের আবাসস্থল হিসেবে 'আলক্যাট্রাজ' কারাগারটি ব্যবহার করা হবে। এজন্য এটি আবার পুনর্নির্মাণের উদ্যোগ নেয়া হচ্ছে।

বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত তথ্যে জানা গেছে, 'আলক্যাট্রাজ' কারাগারটি পুনরায় খোলার জন্য ট্রাম্প বিচার বিভাগ, এফবিআই, হোমল্যান্ড সিকিউরিটিকে আহ্বান জানিয়েছেন। এটি পুনরায় খোলা হলে অনেকদিন ধরে আমেরিকায় নিষ্ঠুর, সহিংস এবং বারবার অপরাধে লিপ্ত অপরাধীদের সেখানে রাখা হবে। এ কারাগারটি আমেরিকার সবচেয়ে অন্যতম কুখ্যাত কারাগার। *১২-এর পৃষ্ঠায় দেখুন*

নিউইয়র্কে সড়ক দুর্ঘটনায় বাংলাদেশীসহ দু'জনের মৃত্যু

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক স্টেটের বাফেলোর ওয়াইমিং কাউন্টির ওয়ারসতে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় বাংলাদেশী তরুণ দেওয়ান সানী (২৯) মৃত্যুবরণ করেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। শুক্রবার (২ মে)



সকালে দুটো গাড়ীর মুখোমুখি সংঘর্ষ হলে এই দূর্ঘটনা ঘটে এবং অপর গাড়ীর চালকও মারা যায়। সানি বাফেলোর হ্যাজেলউড এ বসবাস করতেন। ইতিপূর্বে সিটির ব্রুকসের পার্কচেস্টারে বসবাসরত ফারুক আহমেদের একমাত্র ছেলে সানি। তার বড় ২ বোন রয়েছে। সানির *৫-এর পৃষ্ঠায় দেখুন*

সামারে দেশে যেতে দুশ্চিন্তায় বাংলাদেশী শিক্ষার্থীরা



বাংলা পত্রিকা রিপোর্ট: সম্প্রতি যুক্তরাষ্ট্র থেকে অভিবাসী বিতাড়নের পাশাপাশি হাজারো বিদেশী শিক্ষার্থীদের ভিসা বাতিল করার ঘটনায় বিদেশী শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক বিরাজ করছে। সেই সাথে সামারের ছুটিতে বিদেশী শিক্ষার্থীদের দেশে যাওয়ার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয় স্টুডেন্টদের ই-মেইলে বিশেষ সতর্কবার্তা পাঠাচ্ছে।

তথ্যমতে, কিছুদিনের মধ্যে শুরু হবে যুক্তরাষ্ট্রের সব স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের সামার ভেকেশন। ইতিমধ্যে সামার ভেকেশনের ছুটিতে বিশ্ববিদ্যালয়ের বিদেশী শিক্ষার্থীরা নিজের দেশসহ বিভিন্ন দেশে ভ্রমণে যাওয়ার জন্য বিমান টিকেট বুকিংসহ যাবতীয় প্রস্তুতি নিয়েছেন। কিন্তু যুক্তরাষ্ট্রজুড়ে স্টেট ডিপার্টমেন্ট প্রো-প্যালেস্টাইন বিক্ষোভে অংশ নেয়ার অভিযোগে বিদেশী শিক্ষার্থীদের ভিসা বাতিলসহ ব্যপক কঠোর অবস্থান নিয়েছে। এমন পরিস্থিতিতে ট্রাইন ইউনিভার্সিটি, মিশিগান সেন্টার ইউনিভার্সিটি, বিংহ্যামটন ইউনিভার্সিটিসহ নিউইয়র্ক, নিউজার্সীর একাধিক ভার্সিটিতে অধ্যয়নরত তাদের বিদেশী শিক্ষার্থীদের নিজস্ব ইমেইলে যুক্তরাষ্ট্র থেকে অন্য দেশে ভ্রমণে বিশেষ সতর্কতা পাঠিয়েছে। ওই ইমেইলে বিশ্ব বিদ্যালয়গুলো বিদেশী শিক্ষার্থীদের *৫-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

নিউইয়র্কের ট্যাক্স পেয়াররা পাবেন ৪০০ ডলারের চেক

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে ২০২৪ সালের জন্য ট্যাক্স ফাইলিং করেছেন এমন ব্যক্তি ও পরিবার পাবেন ৪০০ ডলারের রিবেট চেক। গভর্নর ক্যাথি হোকুল ৩০ এপ্রিল বুধবার স্টেট বাজেট পরিকল্পনায় নিউইয়র্কের ট্যাক্স পেয়ারদের জন্য এ রিবেট দেয়ার ঘোষণা দেন।

গভর্ণর হোকুল তার বাজেটের মাধ্যমে রাজ্যে কর কাট, পরিবারগুলোর জন্য কর ক্রেডিট বৃদ্ধি এবং একক ও যৌথ ট্যাক্স ফাইলারদের জন্য ৪০০ ডলার রিবেট চেক দেওয়ার পরিকল্পনা তুলে ধরেন। এ সময় তিনি ট্রাম্প প্রশাসনের নীতি, স্টক মার্কেটের অস্থিরতা এবং ফেডারেল কর্মীদের ছাঁটাইয়ের বিরুদ্ধে সমালোচনা এবং উল্লেখ *৫-এর পৃষ্ঠায় দেখুন*

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▶ প্রাইভেট অকশনের বাড়ি
▶ পাবলিক অকশনের বাড়ি
▶ ব্যাংক মালিকানা বাড়ি
▶ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

বাংলাদেশে নতুন রাজনৈতিক দল গঠনের হিড়িক!



মো. আল-আমিন, *ঢাকা:* জুলাই-আগস্ট অভ্যুত্থানের পর নতুন রাজনৈতিক দল গঠনের হিড়িক পড়েছে। একের পর এক নতুন দলের ঘোষণা দেয়া হচ্ছে। নির্বাচন কমিশনে নিবন্ধন পেতে আবেদন করা হচ্ছে। নতুন এসব দল কারা এবং কী লক্ষ্য নিয়ে গঠন করছেন এ নিয়ে নানা জিজ্ঞাসা আছে জনমনে। তথ্য বিশ্লেষণ করে দেখা যায়, গত নয় মাসের ব্যবধানে দেশে ২৪টি রাজনৈতিক দলের আত্মপ্রকাশ হয়েছে। অন্যদিকে আগামী নির্বাচনে অংশ নিতে নির্বাচন কমিশনে নিবন্ধনের জন্য এখন পর্যন্ত ৬৫টি রাজনৈতিক দল আবেদন করেছে। যাদের মধ্যে অধিকাংশ রাজনৈতিক দলই নামসর্বস্ব। এমনো দল রয়েছে, যাদের কোনো কার্যকরী কমিটি নেই। সেইসঙ্গে নেই কোনো কেন্দ্রীয় কার্যালয়। বিশ্লেষকরা বলেছেন, নানারকম আর্থসামাজিক লক্ষ্য এবং সমাজে ব্যক্তিগত প্রভাব বাড়াতে এসব দল গঠন করা হচ্ছে। এ ছাড়া বড় দলের সঙ্গে সমঝোতা করে এমপি ও পদ বাগিয়ে নিতেও অনেকে নতুন রাজনৈতিক দল গঠন করবে।

নিবন্ধনের আবেদন করা রাজনৈতি দলগুলো যা বলছে: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে নতুন রাজনৈতিক দল নিবন্ধন দিতে চলতি বছরের ১০ই মার্চ গণ-বিজ্ঞপ্তি জারি করে নির্বাচন কমিশন। দলগুলোকে ২০শে এপ্রিলের মধ্যে নিবন্ধনের আবেদন করতে বলা হয়। যদিও পরবর্তীতে বেশ কিছু রাজনৈতিক দলের আবেদনের প্রেক্ষিতে আগামী জুন পর্যন্ত আবেদনের সময় বাড়ায় ইসি। নির্বাচন কমিশনে খোঁজ নিয়ে জানা গেছে, গত ৩০শে এপ্রিল পর্যন্ত ইসিতে নিবন্ধনের জন্য আবেদন করেছে ৬৫টি রাজনৈতিক দল। এই দলগুলোর একটি বাংলাদেশ প্রবাসী কল্যাণময় পার্টি। গত ১৭ই এপ্রিল নিবন্ধনের আবেদন করে দলটি। দলটির চেয়ারম্যান মো. শিপন ভূঁইয়া পেশায় চশমা ব্যবসায়ী। নতুন রাজনৈতিক দল গঠনের উদ্দেশ্য জানতে চাইলে তিনি মানবজমিনকে বলেন, জনগণের খেদমত করতে দল গঠন করেছি। নিবন্ধন পাবো কিনা জানি না। এখন পর্যন্ত দুই জায়গায় অফিস নিতে পেরেছি। ঢাকার প্রধান কার্যালয় সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, স্টোর রুমের ঠিকানা প্রধান কার্যালয় হিসেবে ব্যবহার করেছি। এ ছাড়া দলটি কবে গঠন করা হয়েছে-এমন প্রশ্ন করা হলে তিনি উত্তর দিতে পারেননি। এদিকে গত ২০শে এপ্রিল ইসিতে নিবন্ধনের জন্য আবেদন করেছে বাংলাদেশ বেকার মুক্তি পরিষদ। দলটির কেন্দ্রীয় কমিটির সভাপতি আতিকুর রহমান রাজা মানবজমিনকে বলেন, তার নেতৃত্বাধীন দলটির উদ্দেশ্য ক্ষুধা, দারিদ্র্য ও বেকারমুক্ত রাষ্ট্র গঠন করা। আমরা এখন পর্যন্ত ৭টি জেলা ও ৮১টি উপজেলায় কমিটি দিয়েছি। ইসি'র বর্ধিত সময়ের মধ্যেই বাকি শর্তগুলো পূরণ করা হবে বলে জানান তিনি। অন্যদিকে ১৭ই এপ্রিল নিবন্ধনের আবেদন করা বাংলাদেশ মুক্তি ঐক্যদলের সভাপতি মো. নুর ইসলাম শিকদার জানান, তিনি ১৯৯৮ সালে রাজনৈতিক দলটি গঠন *৫-এর পৃষ্ঠায় দেখুন*

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.

SURDEZ & PEREZ,
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না

Free Consultation

কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা
• বাস, ট্রেন অথবা মোটর সাইকেল
• স্লেইন ইনজুরি
• এপিয়েটর একসিডেন্ট
• স্লুল লায়াবিলিটি
• খেলার মাঠে দুর্ঘটনা
• বার্থ ইনজুরি
• নির্মাণ কাজে দুর্ঘটনা
• পিছলে পড়ে গেলে
• লেড পয়জনিং
• কুকুর কামড়ালে
• ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্নী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন

Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

আপনার কণ্ঠ, তাদের ভবিষ্যৎ


NYC Public Schools
NYC EDUCATION COUNCILS
on.nyc.gov/Elections2025
/nycschools

এপ্রিলে দেশে রেমিট্যান্স গেছে ২ দশমিক ৭৫ বিলিয়ন ডলার



বাংলা পত্রিকা ডেস্কঃ বাংলাদেশে মার্চের পর এপ্রিলেও রেকর্ড পরিমাণ রেমিট্যান্স গেছে। প্রবাসী বাংলাদেশীরা গত মাসে ২৭৫ কোটি বা ২ দশমিক ৭৫ বিলিয়ন ডলার পাঠিয়েছেন। গত বছরের এপ্রিলে দেশে রেমিট্যান্স গিয়েছিলো ২ দশমিক শূন্য ৪ বিলিয়ন ডলার। সে হিসাবে গত মাসে প্রবাসী আয়ে প্রবৃদ্ধি ছিল ৩৪ দশমিক ৬ শতাংশ। বাংলাদেশ ব্যাংক থেকে রোববার এ তথ্য জানানো হয়।

বাংলাদেশের ইতিহাসে সর্বোচ্চ রেমিট্যান্স যায় চলতি বছরের মার্চে। ওই মাসে প্রবাসীরা রেকর্ড ৩২৯ কোটি বা ৩ দশমিক ২৯ বিলিয়ন ডলার দেশে পাঠান। এক মাসে এত পরিমাণ রেমিট্যান্স দেশে যাওয়ার ক্ষেত্রে অবশ্য রমজান ও ঈদুল ফিতরের ভূমিকা ছিল।

ব্যাংক কর্মকর্তারা বলছেন, মার্চের ধারাবাহিকতায় এপ্রিলেও রেমিট্যান্সে বড় প্রবৃদ্ধি অর্থনীতির জন্য ভালো সংবাদ। সাধারণত ঈদের পরের মাসে রেমিট্যান্স কিছুটা কমে যায়। কিন্তু এবার কিছুটা ভিন্ন চিত্রই দেখা গেছে। এপ্রিলে প্রত্যাশার তুলনায় বেশি রেমিট্যান্স এসেছে। তবে মার্চের তুলনায় ৫৪ কোটি ডলার কম এসেছে প্রবাসী আয়। হুন্ডির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হলে প্রতি মাসেই বৈধ পথে ৩ বিলিয়নের বেশি রেমিট্যান্স দেশে আনা সম্ভব বলেও মনে করেন তারা।

ছাত্র-জনতার গণ-অভ্যুত্থান তথা গত বছরের ৫ আগস্ট থেকেই দেশে রেমিট্যান্স প্রবাহে বড় প্রবৃদ্ধি দেখা যায়। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য অনুযায়ী, চলতি ২০২৪-২৫ অর্থবছরে প্রথম ১০ মাসে (জুলাই-এপ্রিল) ২৪ দশমিক ৫৪ বিলিয়ন ডলারের রেমিট্যান্স দেশে গেছে। বাংলাদেশী মুদ্রায় যার পরিমাণ প্রায় ২ লাখ ৯৯ হাজার কোটি টাকা (প্রতি ডলার ১২২ টাকা হিসাবে)। ২০২৩-২৪ অর্থবছরের একই সময়ে গিয়েছিল ১৯ দশমিক ১২ বিলিয়ন ডলারের রেমিট্যান্স। সে হিসাবে চলতি অর্থবছরে ১০ মাসে প্রবাসীরা ৫ দশমিক ৪২ বিলিয়ন ডলার বেশি পাঠিয়েছেন। এক্ষেত্রে প্রবৃদ্ধি হয়েছে প্রায় ২৮ দশমিক ৩ শতাংশ।

ঢাকার উদ্দেশে লন্ডনের হিথরো বিমানবন্দরে খালেদা জিয়া

ঢাকা ডেস্কঃ বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়া দীর্ঘ চার মাস চিকিৎসা শেষে আজ সোমবার লন্ডনের হিথরো বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে রওনা হচ্ছেন। স্থানীয় সময় দুপুর দেড়টার দিকে বড় ছেলে তারেক রহমানের কিংস্টনের বাসা থেকে বের হয়ে খালেদা জিয়াকে বহনকারী গাড়িটি বেলা ২টা ২০ মিনিটের দিকে হিথরো বিমানবন্দরের ৪ নম্বর টার্মিনালের ভিআইপি গেটে পৌঁছায়।

খালেদা জিয়ার সঙ্গে তাঁর বড় ছেলে ও বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্ত্রী জুবাইদা রহমান এবং ছোট ছেলে প্রয়াত আরাফাত রহমানের স্ত্রী সৈয়দা শামিলা রহমান আছেন। বিমানবন্দরের চার নম্বর টার্মিনালের ভিআইপি গেটে তাঁদের বিদায় জানান তারেক রহমান। এ সময় তারেক রহমানের মেয়ে জায়মা রহমানও ছিলেন।



গাড়িতে লন্ডনের হিথরো বিমানবন্দরের উদ্দেশে রওনা হন খালেদা জিয়া।

খালেদা জিয়া বিমানবন্দরে যাওয়ার পথে যুক্তরাজ্য বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতা-কর্মীরা হিথরো বিমানবন্দরের ভিআইপি টার্মিনালের সড়কের দুই পাশে অবস্থান নেন। তাঁরা বিএনপির নেত্রীকে বিদায়ী শুভেচ্ছা জানান। এ সময় তাঁদের হাতে খালেদা জিয়াকে শুভেচ্ছা জানিয়ে লেখা বিভিন্ন পোস্টার ও ব্যানার দেখা গেছে। যুক্তরাজ্যের বিভিন্ন শহর থেকে এসব নেতা-কর্মী বিমানবন্দরে জড়ো হয়েছেন বলে জানা গেছে।

যুক্তরাজ্য সময় বিকেল ৪টা ১০ মিনিটে খালেদা জিয়াকে বহনকারী কাতারের রাজপরিবারের এয়ার অ্যাম্বুলেন্স দোহার উদ্দেশে লন্ডন ত্যাগ করার কথা রয়েছে। কাতারে যাত্রাবিরতি শেষে আগামীকাল মঙ্গলবার সকালে তিনি ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করবেন।

উন্নত চিকিৎসার জন্য গত ৭ জানুয়ারি সন্ধ্যায় যুক্তরাজ্যের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। তাঁর সঙ্গে ছিলেন আরাফাত রহমান কোকোর স্ত্রী সৈয়দা শামিলা রহমান, ছিলেন দীর্ঘদিনের পরিচর্যাকারী গৃহকর্মী ফাতিমা বেগমও। খালেদা জিয়া কারাবন্দী থাকা অবস্থায় ফাতেমা তাঁর সঙ্গে ছিলেন।

এ ছাড়া খালেদা জিয়ার চিকিৎসার জন্য গঠিত মেডিকেল বোর্ডের ছয়জন সদস্যও। তাঁরা হলেন মেডিকেল বোর্ডের প্রধান অধ্যাপক শাহাবুদ্দিন তালুকদার, বিশেষজ্ঞ চিকিৎসক অধ্যাপক এফ এম সিদ্দিক, অধ্যাপক নরুদ্দিন আহমেদ, জাফর ইকবাল, অধ্যাপক এ জেড এম জাহিদ হোসেন ও মোহাম্মদ আল মামুন।

লন্ডনের বিশেষায়িত বেসরকারি হাসপাতাল দ্য লন্ডন ক্লিনিকের চিকিৎসক জন প্যাট্রিক কেনেডির নেতৃত্বে গঠিত মেডিকেল বোর্ডের চিকিৎসকেরা সেখানে খালেদা জিয়াকে চিকিৎসা দেন।

আমার সন্তানের শিক্ষা সম্পর্কে আমি বাংলায় অবহিত হতে পারি কি?

Can I be informed about my child's education in Bangla?

NYC Public Schools
Delivering for you. Every day. Everywhere.

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলো আপনার ভাষায় কথা বলে!

NYC Public Schools Speak Your Language!

আপনার প্রয়োজন অনুযায়ী সহায়তা পেতে আপনি বিনা খরচে অনুবাদ এবং দোভাষী পরিষেবার অনুরোধ করতে পারেন।

You can request free translation and interpretation services to get the help you need.

আরো জানুন | Learn more

on.nyc.gov/Hello /nycschools 311

The Weekly
Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

সামাজিক সুরক্ষা কর্মসূচি

তৈলাক্ত মস্তকে নহে তৈল সিঞ্চন

বিভিন্ন সামাজিক সুরক্ষা কর্মসূচির অধীনে সুবিধাপ্রাপ্ত নাগরিকের তালিকা সংশোধনের লক্ষ্যে অন্তর্বর্তী সরকারের উদ্যোগ অদ্যাবধি আলোর মুখ না দেখিবার বিষয়টি শুধু দুঃখজনক নহে, বিস্ময়করও বটে। গত বৎসর অক্টোবর মাসের সূচনা সপ্তাহে সমাজকল্যাণ উপদেষ্টা শারমিন এস মুরশিদ জানাইয়াছিলেন, জাতিসংঘের সংস্থা ইউনিসেফ পরিচালিত জরিপ প্রতিবেদনে সামাজিক সুরক্ষার উপকারভোগীদের ৪৩ শতাংশকেই ত্রুটিপূর্ণ বলা হইয়াছে। তাহারা উক্ত তালিকাসমূহ পর্যালোচনা করিবেন। ঐ মাসে সমাজসেবা অধিদপ্তরের তৎকালীন মহাপরিচালকও সমকালকে জানাইয়াছিলেন, যাচাই-বাছাই অন্তে তালিকা চূড়ান্ত করিয়াই নূতন তালিকা অনুযায়ী চলমান অর্থবৎসরের প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর) ভাতা প্রদান করা হইবে। কিন্তু, বাস্তব চিত্র ভিন্ন কিছু বলিতেছে। রবিবার সমকালে প্রকাশিত শীর্ষ প্রতিবেদনসূত্রে জানা যাইতেছে, নূতন তালিকা প্রস্তুতির কথা বলিয়া বিলম্ব ঘটিলেও শেষাবধি তিন প্রান্তিকের ভাতাই ত্রুটিপূর্ণ তালিকা অনুযায়ী প্রদান করা হইয়াছে। ইহার ফলে একদিকে রাষ্ট্র যদ্রূপ তৈলাক্ত মস্তকে আরও তৈল সিঞ্চন করিল, তদ্রূপ রাষ্ট্রীয় সম্পদের কার্যত অপচয় হইল। সমাজে বিদ্যমান ধনবৈষম্যের অগ্নিতেও যে ইহা ঘৃত ঢালিয়াছে, বলাই বাহুল্য।

অর্থ ও সমাজকল্যাণ মন্ত্রণালয় সূত্রে জানা গিয়াছে, তালিকাভুক্ত অনেকেই অবসর ভাতা, দুস্থ ভাতাসহ অন্যান্য ভাতা গ্রহণ করিতেছেন। ফলস্বরূপ, তাহাদের ভাগ্যে একাধিক রাষ্ট্রীয় ভাতা জুটিতেছে। অপরদিকে উপকারভোগী হইবার প্রকৃত যোগ্যতাধারীরা বঞ্চিতই থাকিতেছেন। প্রসংগত, অর্থনৈতিক কৌশল পুনর্নির্ধারণ বিষয়ে অন্তর্বর্তী সরকার গঠিত টাস্কফোর্সের প্রতিবেদন বলিতেছে, দেশের দরিদ্র ও ঝুঁকিপূর্ণ প্রায় ৫৪ শতাংশ পরিবার সামাজিক সুরক্ষার বেষ্টনী-বহির্ভূত। অপরদিকে সামাজিক সুরক্ষার সুবিধা গ্রহণকারী পরিবারগুলির ৬২ শতাংশ দরিদ্র নহে এবং কোনো ঝুঁকির মধ্যেই নাই। প্রতিবেদনমতে, এই সকল ত্রুটি দূরীভূত করা সম্ভব হইলে আরও অন্তত ১১ লক্ষ মানুষকে অতিদরিদ্র ও ২৫ লক্ষ মানুষকে দারিদ্র্য হইতে বাহির করিয়া আনা সম্ভব হইত।

আমরা জানি, বর্তমানে ২৬টি মন্ত্রণালয়ের অধীন ১৪০টি কর্মসূচির মাধ্যমে সরকার সামাজিক সুরক্ষা কর্মসূচি বাস্তবায়ন করিয়া থাকে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা, স্বামী পরিত্যক্ত ভাতা, প্রতিবন্ধী ভাতাসহ ২৭ ধরনের ভাতা প্রদান করা হয়। যেই সকল জনগোষ্ঠীর এই সকল ভাতাপ্রাপ্তির কথা, তাহারা সমাজের প্রান্তিক পর্যায়ের জনগোষ্ঠী। শারীরিক-মানসিক পরিশ্রমের মাধ্যমে জীবিকা নির্বাহের অবস্থাও অনেকের নাই। এই প্রেক্ষাপটে বলা যায়, ভাতার পরিমাণ নগণ্য হইলেও উক্ত জনগোষ্ঠীসমূহের নিকট উহা অতি মহার্ঘ।

সমাজসেবা অধিদপ্তরের তথ্যভান্ডারে উপকারভোগীদের প্রায় ৫০ ধরনের তথ্য সংরক্ষণ করা হয়। তন্মধ্যে বয়স, বাৎসরিক আয়সহ অন্তত ১০টি তথ্য মাঠ পর্যায়ে যাচাই করার প্রয়োজন হইবে। অর্থনীতিবিদদের মতে, তথ্যপ্রযুক্তির যুগে সদিচ্ছা থাকিলে তিন মাসেরও কম সময়ের মধ্যে উক্ত তালিকা যাচাই করা সম্ভব। কিন্তু অধিদপ্তর সূত্রে জানা গিয়াছে, যেই নির্দেশনার ভিত্তিতে তালিকা যাচাই করা হইবে, উহাই অদ্যাবধি প্রস্তুত হয় নাই। এমনকি এই বৎসর উহা চূড়ান্ত হইবে কিনা, তাহাও অনিশ্চিত। এই অবস্থার জন্য অবশ্যই চিরাচরিত আমলাতান্ত্রিক দীর্ঘসূত্রতাকে দায়ী করা যায়। কিন্তু এই কার্যে সরকারের আন্তরিকতা লইয়া প্রশ্ন উঠিতে বাধ্য।

বিগত সরকারসমূহের দলীয় পক্ষপাতকে প্রশ্রয় দিবার কারণে রাষ্ট্রীয় সম্পদে দরিদ্ররা তাহাদের ন্যায্য হিস্যা হইতে বঞ্চিত, তাহা আমরা জানি। এই কার্য সম্পাদনের অপরিহার্য মাধ্যম ইউনিয়ন পরিষদ সদস্য, চেয়ারম্যানসহ সংশ্লিষ্টদের পক্ষপাত ও দুর্নীতি এই অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির জন্য দায়ী- ইহাও অনস্বীকার্য। তাই দৃশ্যত দলীয় স্বার্থবিহীন অন্তর্বর্তী সরকারকেই সামাজিক সুরক্ষা কর্মসূচির উপকারভোগীর তালিকা ত্রুটিমুক্ত করিতে হইবে। সরকারের প্রতিনিধিরা স্থানীয় নাগরিক সমাজের সহিত সমন্বয়ের মাধ্যমে করিলে এখনও উক্ত কার্য স্বল্প সময়েই সম্পাদন সম্ভব।



মে দিবসের অঙ্গীকার

নারী শ্রমিক বাঁচলে দেশ এগোবে

সাহিদা পারভীন শিখা



মে দিবস আসে প্রতিবছর, আসে শ্রমিকের অধিকার ও মর্যাদার কথা মনে করিয়ে দিতে। ১৮৮৬ সালের শিকাগোর হে মার্কেট আন্দোলনের আগুন আজও নিভে যায়নি, বরং সময়ের পরম্পরায় সেই আগুনই আলো হয়ে ছড়িয়ে পড়ে বিশ্বজুড়ে শ্রমিকশ্রেণির অধিকারের প্রশ্নে। বাংলাদেশে মে দিবসের তাৎপর্য গভীর এ কারণে যে এই দেশে অর্থনীতির এক বড় চালিকাশক্তিই গড়ে উঠেছে শ্রমিকদের কাঁধে ভর করেড়বিশেষত নারী শ্রমিকদের কাঁধে। পোশাক খাত থেকে শুরু করে কৃষি, ইটভাটা, বাসাবাড়ির গৃহপরিচারিকা, কলকারখানা, চামড়াশিল্প, এমনকি বিদেশে কর্মরত নারী শ্রমিকেরা অর্থনীতির চাকা ঘোরানোর বাস্তব কারিগর। অথচ এই নারী শ্রমিকের জীবনে মে দিবসের আলো কতটা পৌঁছেছে, সেটিই প্রশ্ন।

বাংলাদেশে বর্তমানে পোশাকশিল্পে সরাসরি নিয়োজিত শ্রমিকের সংখ্যা ৪০ লাখের বেশি, যার মধ্যে আনুমানিক ৬০-৬৫ শতাংশ নারী। শ্রম মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এই খাতেই ২০২৩-২৪ অর্থবছরে রপ্তানি আয় হয়েছে ৪৭ বিলিয়ন মার্কিন ডলার, যা দেশের মোট রপ্তানি আয়ের প্রায় ৮৪ শতাংশ। এত বড় অবদানের পরও নারী শ্রমিকেরা পাচ্ছেন না ন্যায্য মজুরি, নিরাপদ কর্মপরিবেশ, কিংবা সিদ্ধান্ত গ্রহণের পর্যায়ে প্রতিনিধিত্ব। শ্রম আইনে মাতৃত্বকালীন ছুটি, কর্মস্থলে যৌন হয়রানির বিরুদ্ধে ব্যবস্থা বা ট্রেড ইউনিয়নের অধিকার থাকলেও বাস্তবে তা প্রাপ্তির চিত্র অত্যন্ত সীমিত। এমনকি ২০২২ সালে গণমাধ্যম ও এনজিও সংস্থাগুলোর জরিপে দেখা গেছে, ঢাকার উপশহরগুলোতে কাজ করা নারী শ্রমিকদের মধ্যে ৪৭ শতাংশই জানেন না শ্রমিক হিসেবে তাঁদের কী অধিকার রয়েছে। আবার কারখানায় ট্রেড ইউনিয়ন গঠন করতে গিয়ে চাকরি হারিয়েছেন বা হুমকি পেয়েছেনড়এমন ঘটনার সংখ্যাও নেহাত কম নয়।

এতসব প্রতিকূলতার মধ্যেও নারী শ্রমিকেরা তাঁদের জীবন চালিয়ে যাচ্ছেন। একদিকে সংসারের দায়িত্ব, সন্তান লালন, অন্যদিকে কর্মক্ষেত্রে দীর্ঘ সময় ধরে কঠোর পরিশ্রমড়এই দ্বৈত ভার সয়ে নেওয়ার শক্তি তাঁরা দেখিয়েছেন, কিন্তু পেয়েছেন অল্প কিছু সম্মান। পুরুষ সহকর্মীদের তুলনায় প্রায় ২০ শতাংশ কম মজুরি পান বহু নারী শ্রমিক, এমনকি একই ধরনের কাজ করেও। কাজ শেষে বাড়ি ফিরে গৃহস্থালি কাজ চালিয়ে যেতে হয় যান্ত্রিক এক নিঃশব্দ জীবনের মতো।

শ্রমিক আন্দোলন বাংলাদেশে অনেক সময়ই রাজনৈতিক দলগুলোর হাতিয়ার হয়ে উঠেছে, যার ফলে আন্দোলনের মূল লক্ষ্য শ্রমিককল্যাণ নয়, বরং ক্ষমতার খেলায় নিজেদের অবস্থান শক্ত করা। এই পদ্ধতিতে সবচেয়ে বড় ক্ষতিগ্রস্ত হয়েছে নারী শ্রমিকেরা, কারণ তাঁরা নেতৃত্বে নেই, তাই তাঁদের দাবি কেবল ব্যানার-ফেস্টুনে সীমাবদ্ধ থেকে যায়। বাস্তব উন্নয়ন হয় না। এমন প্রেক্ষাপটে প্রয়োজন ছিল একটি সুস্থ, গণতান্ত্রিক, অংশগ্রহণমূলক শ্রমিক আন্দোলনের, যেখানে নারীর কণ্ঠস্বর থাকবে সামনে, যার নেতৃত্বে নারী থাকবেন, যিনি জানেন একজন নারী শ্রমিকের প্রকৃত প্রয়োজন কী।

> ...মাতৃত্বকালীন ছুটি, কর্মস্থলে যৌন হয়রানির বিরুদ্ধে ব্যবস্থা বা ট্রেড ইউনিয়নের অধিকার থাকলেও বাস্তবে তা প্রাপ্তির চিত্র অত্যন্ত সীমিত। এমনকি ২০২২ সালে গণমাধ্যম ও এনজিও সংস্থাগুলোর জরিপে দেখা গেছে, ঢাকার উপশহরগুলোতে কাজ করা নারী শ্রমিকদের মধ্যে ৪৭ শতাংশই জানেন না শ্রমিক হিসেবে তাঁদের কী অধিকার...

বিশ্বের বিভিন্ন দেশে শ্রমিক আন্দোলনের চেহারাও বদলেছে সময়ের সঙ্গে। এখন আন্দোলনের রূপ কেবল রাস্তার বিক্ষোভ নয়, বরং নীতিনির্ধারণে সক্রিয় অংশগ্রহণ, সামাজিক যোগাযোগমাধ্যমে জনমত গঠন বা শ্রমিক-মালিক-সরকারের মধ্যকার ত্রিপক্ষীয় আলোচনা। দক্ষিণ কোরিয়ায় নারী শ্রমিক সংগঠনগুলোর আন্দোলন শুধু মজুরি বৃদ্ধির জন্য নয়, বরং কর্মস্থলে ডে-কেয়ার সেন্টার প্রতিষ্ঠা, গর্ভকালীন স্বাস্থ্যসেবা ও কর্মক্ষেত্রে হেনস্তার বিরুদ্ধে সুনির্দিষ্ট নীতিমালা তৈরির জন্য। সুইডেনে ট্রেড ইউনিয়নগুলো সরকারের সঙ্গে চুক্তির মাধ্যমে বছরে একাধিকবার মজুরিকাঠামো ও কর্মঘণ্টা পর্যালোচনা করে। ভারতে সেলফ এমপ্লয়েড উইমেন্স অ্যাসোসিয়েশন (এসইডব্লিউএ) নারী শ্রমিকদের শুধু সংগঠিতই করেনি, বরং জীবনমান উন্নয়নের জন্য বিকল্প অর্থনৈতিক কাঠামো তৈরি করেছে, যেখানে নারীরা নিজেরাই নেতৃত্ব দেয় এবং আয় উৎপাদন করে।

বাংলাদেশেও এমন দু-একটা সংগঠন রয়েছে, যারা চেষ্টা করছে শ্রমিকদের প্রশিক্ষণ, অধিকারসচেতনতা ও আইনি সহায়তা দিতে। তবে এই উদ্যোগগুলো এখনো মূল স্রোতের শ্রমিক রাজনীতিতে খুব বেশি প্রভাব ফেলতে পারেনি। মূল বাধা হলো শ্রমিক রাজনীতির অবকাঠামোতে গণতন্ত্র ও স্বচ্ছতা নেই, নেই প্রকৃত প্রতিনিধিত্ব।

এই মে দিবসে তাই প্রয়োজন স্লোগান নয়, প্রয়োগ। প্রয়োজন নারী শ্রমিকদের মর্যাদার প্রশ্নে একটি সম্মিলিত জাতীয় উদ্যোগ, যা তাঁদের কাজকে কাজ হিসেবে দেখে, দয়া বা করুণার চোখে নয়। শ্রম আইন সংশোধন করে বাস্তববান্ধব ও নারী সহায়ক করে তোলা, ট্রেড ইউনিয়ন গঠনের অধিকার নিশ্চিত করা, কর্মক্ষেত্রে স্বাস্থ্য, নিরাপত্তা ও মাতৃত্বকালীন সুরক্ষা নিশ্চিত করাড়এ সবই হতে পারে মে দিবসের যথার্থ শ্রদ্ধাঞ্জলি।

মে দিবস কেবল অতীতের সংগ্রাম নয়, বরং বর্তমানের সংকটের সমাধান ও ভবিষ্যতের দিকনির্দেশনা। একজন নারী শ্রমিকের পায়ের শব্দে যে রাষ্ট্রের অর্থনীতি দাঁড়িয়ে থাকে, সেই শব্দ যেন ভবিষ্যতের নীতিনির্ধারকদের কানে পৌঁছায়– এই হোক আমাদের অঙ্গীকার। মনে রাখতে হবে, শ্রমিক বাঁচলে দেশ বাঁচে, আর নারী শ্রমিক বাঁচলে জাতি এগোবে।

লেখক: সাধারণ সম্পাদক, জাতীয় নারী শ্রমিক ট্রেড ইউনিয়ন কেন্দ্র

সামান্য ভুলেও বাতিল হবে নন

শেষ পৃষ্ঠায় পর

এবং বহিষ্কার করবো।

এ ঘোষণার পর ইমিগ্রেশন বিশ্লেষকরা মনে করছেন, স্টেট ডিপার্টমেন্টের এমন উদ্যোগ যুক্তরাষ্ট্রে অনাকাঙ্খিত ভুল যার জন্য ভিসা বাতিলের শিকার হতে পারের যে কেউ। তাদের মতে ছোটখাট অপরাধ যেমন ড্রাইভিং লাইসেন্সধারী কেউ যদি পার্কিং কিংবা ওভার স্পিডিং সহ গাড়ির চালানোর ক্ষেত্রে নিয়ম ভঙ্গ করে টিকেট যদি পান ও কেউ বিনা ভাড়ায় মেট্রো ট্রানজিট ব্যবহার করেন, কিংবা কোন ব্যক্তি পাবলিক গেদারিং অথবা কোন বিক্ষোভে অংশ নিয়ে বাকবিতন্ডায় জড়িয়ে আইনশৃঙ্খলাবাহিনীর হাতে ধরা পড়েন এবং গার্বেজসহ ছোটখাট কারণে অভিযুক্ত হলেও পড়তে পারেন ভিসা বাতিলের সম্মুখীন। অভিযুক্ত হওয়ার পর আদৌ কি ওই ব্যক্তি অপরাধ করেছেন কিনা সেটি যাচাই বাছাইয়েরও কোন সুযোগ থাকবেনা।

ইমিগ্রেশন বিশ্লেষকদের পরামর্শ, যুক্তরাষ্ট্রে অবস্থানরত সবাই সতর্ক ও সচেতন হতে হবে। অনাকাঙ্খিত কোন ঘটনার শিকার না হন সেজন্য নিজেকে চলাফেরার ক্ষেত্রে সচেতন থাকতে হবে।

রুবিও বলেছেন, "ভিসা একটি বিশেষ সুবিধা, এটি কোন অধিকার নয়"

সাম্প্রতিক সময়ে প্রশাসন গাজায় ইসরায়েল যুদ্ধের বিরুদ্ধে প্রতিবাদকারী বা প্রো-প্যালেস্টাইনিয়ান মতামত প্রকাশকারী শিক্ষার্থীদের গ্রেপ্তার ও ভিসা বাতিল করেছে। লক্ষ্য করে কঠোর পদক্ষেপ নিয়েছে। ছোটখাটো আইনভঙ্গ, যেমন ট্রাফিকআইন ভঙ্গেও শিক্ষার্থদের ভিসা বাতিল করা হয়েছে।

আমেরিকান ইমিগ্রেশন কাউন্সিলের সিনিয়র ফেলো অ্যারন রেইখলিন-মেলনিক বলেছেন "গাড়ি চালনায় ওভারস্পিডিং টিকিটের জন্য ইতিমধ্যে ট্রাম্প প্রশাসন ছাত্রদের ভিসা বাতিল করেছে। এখন তারা আরো কঠোর হয়েছে। এটা বেশ উদ্বেগের।"

মে দিবসে

শেষ পৃষ্ঠায় পর

আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে এ বিক্ষোভের আয়োজন করা হয়।

বিক্ষোভকারীরা অভিবাসী, শ্রমিক ও বিদেশি ছাত্রদের কথা বলার স্বাধীনতার অধিকারের দাবি জানান।

'৫০৫০১' আন্দোলনের ব্যানারে আয়োজন করা হয় বিক্ষোভ। বাম ধারার গোষ্ঠীর সমন্বয়ে গঠিত এই সংগঠনের নামের ব্যাখ্যা হলো ৫০ অঙ্গরাজ্যে ৫০টি বিক্ষোভ এবং একটি ঐক্যবদ্ধ আন্দোলন। এরা আগেও বেশ কয়েকবার বিক্ষোভের ডাক দিয়েছিল।

এই সংগঠন 'সংবিধান সমুন্নত রাখার এবং নির্বাহী ক্ষমতার অপব্যবহার বন্ধ করার লড়াইকে সমর্থন করে। সংগঠনটি জানায়, মে দিবসের এই বিক্ষোভ যুক্তরাষ্ট্রের এক হাজারের বেশি জায়গায় অনুষ্ঠিত হয়েছে।

আন্দোলনের ওয়েবসাইটে বলা হয়েছে- 'এই মে দিবসে আমরা লড়াই করছি। আমরা এমন একটি দেশ চাই, যেখানে আমাদের পরিবারগুলোকে তাদের ভাগ্যের উপরে প্রাধান্য দেওয়া হবে-বেসরকারি লাভের উপরে পাবলিক স্কুল, হেজ ফান্ডের উপরে স্বাস্থ্যসেবা, মুক্ত বাজার রাজনীতির উপরে সমৃদ্ধি।'

ওয়াশিংটনে হোয়াইট হাউসের সামনে বিক্ষোভে অংশগ্রহণকারী ৫৪ বছর বয়সী শেন রিডল বার্তা সংস্থা এএফপিকে বলেন, 'আমরা মনে করি, অতি ধনীরা দেশকে দখল করে নিচ্ছে এবং শ্রমজীবী ও মধ্যবিত্ত শ্রেণিকে দমন করছে।'

ভার্জিনিয়া অঙ্গরাজ্যের একটি শিক্ষা ইউনিয়নে কর্মরত রিডল আরও বলেন, 'আমাদের নাগরিকেরা যদি এই প্রেসিডেন্ট ও তার ধনকুবের মিত্রদের বিরুদ্ধে দাঁড়াতে না পারে, তাহলে যুক্তরাষ্ট্রের সরকার একটি কর্তৃত্ববাদী সরকারে পরিণত হতে পারে।'

টেক্সাস অঙ্গরাজ্যের হিউস্টনে বিক্ষোভে অংশ নেওয়া বার্নার্ড স্যাম্পসন প্রেসিডেন্ট ট্রাম্প প্রশাসনের অভিবাসন নীতির সমালোচনা করে বলেন, এই অভিবাসীরাই 'তোমার রেস্তোরাঁয় কাজ করে, তোমার ঘরবাড়ি নির্মাণ করে'। শুধু যুক্তরাষ্ট্রেই নয়, ফ্রান্স থেকে ফিলিপাইন পর্যন্ত বিশ্বের বিভিন্ন জায়গায় আয়োজিত মে দিবসের র‍্যালিতে ট্রাম্পবিরোধী বার্তা দেখা গেছে।

সামারে দেশে যেতে দুশ্চিন্তায় বাংলাদেশী শিক্ষার্থীরা

শেষ পৃষ্ঠায় পর

বলেছে, শিক্ষার্থীরা সামার ভেকেশনে যুক্তরাষ্ট্রের বাহিরে গেলে আবার ফেরার পথে যেকোন অনাকাঙ্খিত সমস্যার সম্মুখীন হতে পারেন। কেউ যুক্তরাষ্ট্রের বাহিরে যেতে চাইলে বিশ্ববিদ্যালয় থেকে যাবতীয় ডকুমেন্ট প্রদান করা হবে। তবে ফেরার (রি-এন্ট্রির) ক্ষেত্রে সম্পূর্ণ নিজের দায়িত্ব, এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কোন দায়িত্ব বা সহযোগিতা করতে পারবেনা।

এমন ইমেইল বার্তা পেয়েছেন বাংলাদেশী একাধিক শিক্ষার্থীরাও। এরপর থেকে সামারের ছুটিতে দেশে যাওয়ার পরিকল্পনা নিয়ে দুশ্চিন্তায় পড়েছেন তারা।

ট্রাইন ইউনিভার্সিটির এক বাংলাদেশী শিক্ষার্থী জানান, গত সপ্তাহে আমার ইমেইলে ভার্সিটি থেকে একটি মেইল আসে। সেখানে লেখা হয় আমি যদি সামারের ছুটির সময় যুক্তরাষ্ট্রের বাহিরে যেতে চাই তাহলে বিশ্ববিদ্যালয় সকল ধরণের ডকুমেন্ট আমাকে দিবে। কিন্তু রি-এন্ট্রির ক্ষেত্রে নিজের রিস্কে যেতে হবে। এই লাইনটি বড় করে আলাদাভাবে চিহ্নিত করে লেখা হয়েছে।

নিউইয়র্কের এক ভার্সিটির শিক্ষার্থী সিয়াম কায়েছ বলেন, আমার আর এক বছর আছে ফাইনাল শেষ হতে। গত বছর সামারে দেশে যেতে পারিনি। এ বছর দেশে জুনে যাবো পারিবারিক অনুষ্ঠানে। এ জন্য গত ফ্রেব্রুয়ারিতে বিমানের টিকেট বুকিং দিয়েছিলাম। কিন্তু বর্তমানে ভিসা বাতিল ও রি-এন্ট্রির সময় অনেক ঝামেলায় পড়তে হচ্ছে স্টুডেন্টদের। এছাড়া বিশ্ববিদ্যালয় পরামর্শ দিয়েছে যেনো আপতত যুক্তরাষ্ট্রের বাহিরে না যাই। তাই কি করবো বুঝতে পারছিনা।

মিশিগান সেন্টার ইউনিভার্সিটির বাংলাদেশী শিক্ষার্থী জানান, তাদের সেমিস্টারে ১৫ জন বাংলাদেশী, মিশর ও ভারতীয় স্টুডেন্ট সবাইকে বিশ্ববিদ্যালয় থেকে ইমেইলে বার্তায় ছুটিতে যুক্তরাষ্ট্র ছাড়ার ব্যাপারে সতর্ক থাকার পরামর্শ দেয়া হয়েছে। ছুটিতে তারা দেশে যাওয়ার পরিকল্পনা ছিলো। বর্তমানে এমন পরিস্থিতিতে সবাই যুক্তরাষ্ট্র থেকে বের হলে ফেরার ঝুঁকি থাকায় নিজ দেশে যাওয়ার সিদ্ধান্ত বাতিল করেছেন।

এরকম আরো বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের বিদেশী শিক্ষার্থীরা সামার ভেকশনে যুক্তরাষ্ট্রের বাহিরে যাওয়ার ব্যাপারে দ্বিধান্বিত ও দুশ্চিন্তায় পড়েছেন।

এদিকে ইমিগ্রেশন বিশ্লেষকরা বর্তমানে ট্রাম্প প্রশাসনের অভিবাসী বিরোধী কঠোর অবস্থান ও বিদেশী শিক্ষার্থীদের ভিসা বাতিলের কারণে যুক্তরাষ্ট্রে অবস্থানরত শিক্ষার্থীদের এই মুহূর্তে এ দেশের বাহিরে যাওয়ার ক্ষেত্রে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন। কারণ ফেরার পথে হয়তো তাকে যেকোন কারন দেখিয়ে রি-এন্ট্রি নাও দিতে পারেন ইমিগ্রেশন কর্মকর্তা।

নিউইয়র্কের ট্যাক্স পেয়াররা পাবেন ৪০০ ডলারের চেক

শেষ পৃষ্ঠায় পর

করে বলেছেন তার বাজেট সাধারণ মানুষের জন্য অর্থনৈতিক সুবিধা আনবে।

গভর্নরের 'অ্যাফোর্ডেবিলিটি বাজেট' ঘোষণা : পরিবার প্রতি সাশ্রয় ৫ হাজার ডলার

এদিকে গভর্নর ক্যাথি হোকুল গত ৩০ এপ্রিল বুধবার ২০২৬ সালের বাজেট ঘোষণা করেছেন, যা মধ্যবিত্ত ও কর্মজীবী পরিবারকে আর্থিক স্বস্তি দেবে। বাজেটে পরিবারপ্রতি প্রায় ৫ হাজার ডলার সাশ্রয়ের প্রতিশ্রুতি রয়েছে। থাকছে শিশু কর-ছাড় তিনগুণ বৃদ্ধি, মধ্যবিত্তদের কর হ্রাস, ইনফ্লেশন রিফান্ড চেক এবং ২.৭ মিলিয়ন শিক্ষার্থীর জন্য বিনামূল্যে স্কুল মিল। হোকুল বলেন, "এটা কেবল বাজেট নয়, সংকটে থাকা পরিবারগুলোর জন্য সাহস ও সমর্থনের বার্তা।"

নিউইয়র্কে সড়ক দুর্ঘটনায় বাংলাদেশীসহ দু'জনের মৃত্যু

শেষ পৃষ্ঠায় পর

মৃত্যুতে ব্রঙ্কেসের বাংলাদেশী কমিউনিটিত শোকের ছায়া নেমে এসেছে।

জানা যায়, নিউইয়র্ক ষ্টেটের রুট ২০ এ'র অরেঞ্জভিল এবং ওয়ারশ টাউন বর্ডারে দুটো গাড়ীর মুখোমুখি সংঘর্ষ হয়। এতে বাফেলো ইউনিভার্সিটির কম্পিউটার সায়েন্সের শিক্ষার্থী দেওয়ান সানী ঘটনাস্থলেই এবং অন্য গাড়ীর আহত ড্রাইভার পরবর্তীতে ওয়াইমিং কাউন্টি কমিউনিটি হাসপাতালে মৃত্যুবরণ করে। শুক্রবার সকাল ৮.২১ মিনিটে ওয়াইমিং কাউন্টি ইমারজেন্সী পুলিশ স্থানীয় ওয়ারশ পুলিশের এক বার্তা থেকে ঘটনাটি প্রথম জানতে পারে। ঘটনার সময় সানির গাড়ীটিকে অন্য যে গাড়ীটি ধাক্কা দেয় সেটি নাসাউ কাউন্টি থেকে চুরি করে নিয়ে যাওয়া হচ্ছিল বলে জানা গেছে। ওয়াইমিং কাউন্টির শেরিফ অফিস ঘটনার তদন্ত করছে।

এদিকে ময়না তদন্ত শেষে সানির মরদেহ রোববার দুপুরে তার পরিবারের কাছে হস্তান্তর হওয়ার পর এদিন বাদ আসর বাফেলো মুসলিম সেন্টারে তার নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। সোমবার (৫ মে) সকালে স্থানীয় কবর স্থানে সানীর মরদেহ দাফন করা হবে।

সানীর পৈত্রিক বাড়ী কুমিল্লার দেবীদ্বার উপজেলায় হলেও তার জন্ম ঢাকায়। মাত্র ১০/১২ বছর বয়সে সে বাবা-মায়ের সাথে যুক্তরাষ্ট্র আসে। তারা বসবাস করতো ব্রঙ্কসে। সানী বাফেলো ইউনিভার্সিটিতে ভর্তি হওয়ার পর তার বাবা পরিবার নিয়ে ব্রঙ্কস ছেড়ে বাফেলো গিয়ে বসতি গড়েন। সানির বিদেহী আত্মার মাগফেরাত কামনায় তার বাবা ফারুক আহমেদ সবার দোয়া কামনা করেছেন।

পোপের পোশাকে ডোনাল্ড ট্রাম্প!

৪-এর পৃষ্ঠায় পর

একজন সামাজিক মাধ্যম ব্যবহারকারী লিখেছেন, 'অনুগ্রহ করে এটি নামিয়ে ফেলুন।' তিনি আরও বলেন, 'আমার মতো অনেক ক্যাথলিক এটিকে আমাদের গির্জার অতীত ও ভবিষ্যৎ নেতার প্রতি চরম অসম্মান বলে মনে করছেন।'

আরেকজন মন্তব্য করেছেন, 'যুক্তরাষ্ট্রের বাইরের একজন হিসেবে ট্রাম্প, আপনার এই পোস্ট বিশ্বজুড়ে ক্যাথলিক সম্প্রদায়ের প্রতি পুরোপুরি অসম্মানজনক। পোপ পদটি লাখ লাখ মানুষের কাছে একটি পবিত্র প্রতিষ্ঠান এবং এই উপহাস তাদের বিশ্বাসের প্রতি আঘাত। সম্পূর্ণ অসম্মানজনক। ক্যাথলিক সম্প্রদায় শোক পালন করছে, আর আপনি এটি পোস্ট করছেন?'

গত সপ্তাহে পোপ ফ্রান্সিসের শেষকৃত্যে ট্রাম্পের উপস্থিতি নিয়েও সমালোচনা হয়েছিল। তিনি অনুষ্ঠানে প্রথাগত পোশাকের বদলে নীল রঙের স্যুট পরে গিয়েছিলেন। এ ছাড়া অনুষ্ঠানের সময় তাঁকে চুইংগাম চিবোতে দেখা যায়।

বাংলাদেশে নতুন রাজনৈতিক দল গঠনের

৩-এর পৃষ্ঠায় পর

করেন। এখন পর্যন্ত নিবন্ধনের জন্য ৩ বার আবেদন করেছেন। কিন্তু তাকে নিবন্ধন দেয়া হয়নি। এবার সকল শর্ত পূরণ করেই আবেদন করা হয়েছে। তিনি আশা করছেন এবার তিনি নিবন্ধন পাবেন। তার দলের কেন্দ্রীয় কার্যালয় ফরিদপুর বোয়ালমারীর একটি সুপার মার্কেটে। তিনি বলেন, ২৫টি জেলায় এবং ১০০টি উপজেলায় দলের অফিস রয়েছে।

রাজনৈতিক দল নিবন্ধন দেয়ার প্রক্রিয়া কী: গণপ্রতিনিধিত্ব আদেশ অনুযায়ী, কোনো রাজনৈতিক দল নিবন্ধন পেতে চাইলে তিনটি শর্তের যেকোনো একটি পূরণ করতে হবে। প্রথমত, স্বাধীনতার পর অনুষ্ঠিত কোনো সংসদ নির্বাচনে দলীয় প্রতীকে কমপক্ষে একটি আসনে বিজয়; দ্বিতীয়ত, ওই সব নির্বাচনে দলটির প্রার্থীরা যেসব আসনে অংশ নিয়েছেন, সেসব আসনে মোট ভোটের পাঁচ শতাংশ ভোট প্রাপ্তি; তৃতীয়ত, কেন্দ্রীয় কমিটিসহ একটি সক্রিয় কেন্দ্রীয় অফিস থাকতে হবে। দেশের অন্তত এক-তৃতীয়াংশ জেলায় জেলা অফিস থাকতে হবে। আর অন্তত ১০০টি উপজেলা বা মেট্রোপলিটন এলাকার থানায় অফিস থাকতে হবে, যার প্রতিটিতে সদস্য হিসেবে কমপক্ষে ২০০ জন ভোটার থাকবে।

রাজনৈতিক দল গঠনের উদ্দেশ্য কী: নতুন রাজনৈতি দল গঠনের হিড়িক পড়ার উদ্দেশ্য কী হতে পারে? এমন প্রশ্নে নির্বাচন বিশ্লেষক ও নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের সদস্য ড. আব্দুল আলীম মানবজমিনকে বলেন, ২০২৪ সালে নির্বাচনের আগেও ৯০টির উপরে নিবন্ধনের আবেদন পড়েছিল। চব্বিশের আগের নির্বাচনের কালচার ছিল, আপস করে যদি দুই-একটা এমপি পদ নেয়া যায়। কেননা, আমাদের দেশে এমপি হওয়া একটি বড় ব্যবসা। তখন ছিল এমন। তবে ৫ই আগস্টের পরের প্রেক্ষাপট আরেক ধরনের জানিয়ে তিনি বলেন, কিছু রাজনৈতিক দল আছে যারা এতদিন রাজনীতি চর্চা করতে পরেনি। তারা এখন নিবন্ধন চাচ্ছে। পক্ষান্তরে, এখনো অনেক রাজনৈতিক দলই আছেন যারা নিবন্ধন নিয়ে বড় রাজনৈতিক দলের সঙ্গে লিয়াজোঁ করে, জোট করে দুই-একটি সিট নিতে চায়। তিনি জানান, বর্তমানে কোনো একটি রাজনৈতিক দল যদি বড় দলের সঙ্গে আঁতাত করে, তখন ছোট দলের প্রতীক ব্যবহার করে নির্বাচনের প্রয়োজন পড়ে না। বড় দলের প্রতীক ব্যবহার করেই তারা নির্বাচন করে। যেহেতু বড় দলের প্রতীক পরিচিত এবং আমাদের দেশের অনেক জনগণই প্রতীক দেখেই এখনো ভোট দেয়। সেহেতু এই সুযোগটা তারা কাজে লাগানোর চেষ্টা করে। এজন্য নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন একটি সুপারিশ করেছি যে, দল অ্যালাইন্স করতে পারবে। কিন্তু ছোট দল যখন বড় দলের সঙ্গে যাবে, তখন ছোট দলকে তাদের নিজস্ব প্রতীকে নির্বাচন করতে হবে। তিনি আরও বলেন, আমাদের দেশের মানুষ রাজনীতি করতে পছন্দ করে। এজন্য হয়তো দল গঠনের আগ্রহ বেশি। এছাড়া একটি দলের নেতা হিসেবে পরিচয় দিতে অনেকে পছন্দ করে। অনেকে বিভিন্ন সুবিধা নিতেও দল গঠন করে থাকে বলে জানান তিনি।

স্থানীয় সরকার সংস্কার কমিশনের প্রধান অধ্যাপক ড. তোফায়েল আহমেদ বলেন, রাজনৈতিক দল গঠনে নিরুৎসাহিত করছি না। তবে এত রাজনৈতিক দল করাও খুব স্বাস্থ্যকর কিছু না। কেননা, অনেক দলেরই মানুষের কাছে যাওয়ার ক্যাপাসিটি নাই। তাহলে দল করছেন কেন? আপনারা তো মানুষের কাছে প্রশ্নের সম্মুখীন হবেন। তিনি জানান, যখন কোনো সুযোগ আসে তখন এমন প্রবণতা হয়। ১৯৭৬ সালে যখন নতুন সরকার হলো, সেই সরকার তখন রাজনৈতিক দলের জন্য একটি বিধি করেছিল। তার অধীনে শতাধিক দল নিবন্ধিত হয়েছিল। তবে আল্টিমেটলি কতোটি দল টিকেছে? যখন ক্ষমতার প্রশ্ন আসলো তখন ৩টিরও বেশি দল ছিল না।

১২০০ জনবল ছাঁটাই করবে সিআইএ

শেষ পৃষ্ঠায় পর

বলে জানা গেছে। এছাড়াও এই সিদ্ধান্তের অংশ হিসেবে শুধুমাত্র সিআইএ নয়, অন্যান্য গোয়েন্দা সংস্থাগুলো থেকেও জনবল ছাঁটাই হতে পারে।

ওয়াশিংটন পোস্টের প্রতিবেদনে বলা হয়, মূলত নিয়োগ কমানোর মাধ্যমে ধাপে ধাপে এই প্রক্রিয়া বাস্তবায়ন করা হবে, সরাসরি কর্মী ছাঁটাইয়ের মাধ্যমে নয়।এ বিষয়ে ট্রাম্প প্রশাসন এরই মধ্যে কংগ্রেসকে অবহিত করেছে।

সিআইএর পক্ষ থেকে বিষয়টি নিশ্চিত করা না হলেও সংস্থার এক মুখপাত্র জানান, 'প্রশাসনের জাতীয় নিরাপত্তা অগ্রাধিকারের সঙ্গে সঙ্গতি রেখে সিআইএর জনবল কাঠামো পুনর্গঠনে দ্রুত পদক্ষেপ নিচ্ছেন' সিআইএ পরিচালক।

তিনি আরও বলেন, 'এই পদক্ষেপ সামগ্রিক কৌশলের অংশ, যার মাধ্যমে সংস্থাকে নবউদ্যমে এগিয়ে নিয়ে যাওয়া, নতুন নেতৃত্ব তৈরির সুযোগ সৃষ্টি এবং সিআইএর কার্যক্রমকে আরও দক্ষভাবে পরিচালনা করার লক্ষ্য রয়েছে।'

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নেতৃত্বে ফেডারেল কর্মসংস্থান হ্রাসের উদ্দেশ্যে চালু হওয়া 'স্বেচ্ছা অবসান কর্মসূচিতে' অংশগ্রহণকারী প্রথম গোয়েন্দা সংস্থা ছিল সিআইএ। ট্রাম্প প্রশাসনের ঘোষণায় বলা হয়, ব্যয়সঙ্কোচনের মাধ্যমে প্রশাসনকে 'কর্মক্ষম ও মিতব্যয়ী' হিসেবে পুনর্গঠন করা হবে।

সিআইএ পরিচালক জন র‍্যাটক্লিফ কংগ্রেসকে বলেছিলেন, 'আমার নেতৃত্বে সিআইএ কখনোই রাজনৈতিক বা ব্যক্তিগত পক্ষপাতদুষ্ট দৃষ্টিভঙ্গি দ্বারা পরিচালিত হবে না। যত অন্ধকার কিংবা কঠিন হোক না কেন, আমরা বিশ্বজুড়ে মানবিক গোয়েন্দা তথ্য সংগ্রহ অব্যাহত রাখব এবং প্রয়োজনে গোপন অভিযান পরিচালনা করব।'

তিনি আরও বলেন, এই কাজ কারও কাঙ্খিত হলে তিনিই পুনর্গঠনের অংশ হবেন। বাকিদের এখনই অন্য পেশার কথা ভাবা উচিত।

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্সসহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq

এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338

Tel: 212-695-0055, Fax: 212-695-0056, E-mail: azizbbn@yahoo.com

421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

নিউইয়র্ক মহানগর (উত্তর) বিএনপির উদ্যোগে মে দিবস পালন

নিউইয়র্ক: পহেলা মে শ্রম অধিকার দিবস উপলক্ষ্যে নিউইয়র্ক মহানগর (উত্তর) বিএনপি আয়োজিত আলোচনা সভার আয়োজন করা হয়।

ব্রঙ্কসের আল আকসা চাইনিজ রেষ্টুরেন্ট নিউইয়র্ক মহানগর (উত্তর) বিএনপির সভাপতি আহবাব চৌধুরী খোকনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ফয়েজ চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সিনিয়ার সহ সভাপতি কাজী আমিনুল ইসলাম স্বপন, যুগ্ম সাধারণ সম্পাদক আনোয়ার জাহিদ , প্রাক্তন যুগ্ম আহবায়ক এজিএম জাহাঙ্গীর হাসাইন, আব্দুর রহিম, শরিফুল হক খালিশদার, সোহেব আহমদ,সেবুল খান মাহবুব, সুলতান মাহমুদ সিদ্দিকি, আনোয়ারুল আলম ভূইয়া. মোহাম্মদ আলী রাজা, শেখ আক্তার হোসেন নানু, আব্দুর রহমান দুলাল, আব্দুর রব কাওছার আহমদ, মোমেন মুন্না, হেলাল উদ্দিন,আব্দুল মোতাল্লিব, আসাদুজ্জামান , মোমতাজ আহমদ, হাবিব আহমদ, সেক্সপিয়ার জামান প্রমুখ। আলোচনা সভার শুরুতে কোরআন তেলওয়াত করেন মোমতাজ আহমদ।

সভায় বক্তারা বলেন, মে দিবস মানুষকে অধিকার আদায়ের শিক্ষা দিয়ে থাকে। ১৮৮৬ সালে রক্ত দিয়ে বিশ্বের শ্রম জীবি মানুষেরা অধিকার আদায়ে সক্ষম হলেও আজও বিশ্বের বহু দেশে শ্রমিক সমাজ নির্যাতিত হচ্ছে। তাদেরকে ন্যায় সঙ্গত অধিকার থেকে বঞ্চিত রাখা হচ্ছে ।এখনও বাংলাদেশের বহু জায়গায় শ্রমিকের রক্তমাখা গামে লুটেরা ধনিক শ্রেণী সম্পদের পাহাড় গড়ে তুললে সক্ষম হলেও শ্রমিকরা ন্যায়সঙ্গত মজুরী পাচ্ছে না। পাচ্ছে না বেঁচে থাকার নুন্যতম অধিকার। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সর্বপ্রথম বাংলাদেশে শ্রমিকের অধিকার প্রতিষ্ঠা করেছিলেন ওয়েজ বোর্ড গঠন, মিল কারখানায় আট ঘন্টা সময় নির্ধারণ এবং ওভার টাইম প্রথা প্রবর্তন করেছিলেন।

অনুষ্ঠানে দলের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।-- প্রেস বিজ্ঞপ্তি







NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405



35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine

সীমিত সময়ের জন্য 15% Off

Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

রাখাইনে মানবিক করিডর: জান্তার আপত্তিতে সরকারে দ্বিধা

কূটনৈতিক প্রতিবেদক, ঢাকা ঃ মিয়ানমারের সামরিক জান্তা দেশটির সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মি-নিয়ন্ত্রিত রাখাইনে বাংলাদেশ হয়ে মানবিক সহায়তা পৌঁছানোর কোনো ধরনের ব্যবস্থা চায় না। আবার অন্তর্বর্তী সরকার রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে আগামী সেপ্টেম্বরে নিউইয়র্কে যে আন্তর্জাতিক সম্মেলন করতে চায়, তাতেও জান্তার আপত্তি আছে। কূটনৈতিক একটি সূত্রের তথ্য অনুযায়ী, জান্তার পক্ষ থেকে এ দুটি বিষয়ে আপত্তির কথা অনানুষ্ঠানিকভাবে বাংলাদেশ সরকারকে জানানো হয়েছে।

- আরাকান আর্মিকে সাহায্য করতে করিডর বলে ভাবছে মিয়ানমার
- করিডর নয়, চ্যানেলের জন্য আলোচনা হয়েছে: জাতীয় নিরাপত্তা উপদেষ্টা
- জান্তা, আরাকান আর্মি এবং এনইউজি যুক্ত করতে হবে: পররাষ্ট্র উপদেষ্টা



যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা কয়েকটি দেশের উৎসাহে জাতিসংঘের উদ্যোগে বাংলাদেশের ভেতর দিয়ে রাখাইনে মানবিক সহায়তা পাঠানোর বিষয়ে যে আলাপ-আলোচনা চলছে; এখন মিয়ানমার জান্তার আপত্তির মুখে তা কতটা কার্যকর হবে, সে বিষয়ে সন্দেহ আছে কূটনীতিকদের।

বাংলাদেশের ভেতর দিয়ে রাখাইনে যেকোনো ধরনের 'সহায়তা' দেওয়া হলে তা আরাকান আর্মিকে সাহায্য করা হিসেবে গণ্য করা হবে- জান্তার এমন অবস্থানের মুখে সরকারের গুরুত্বপূর্ণ একটি অংশ এখনই বিষয়টি নিয়ে এগোনোর বিপক্ষে অবস্থান নিয়েছে।

রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে আগামী সেপ্টেম্বরে নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের পাশে বাংলাদেশ যে আন্তর্জাতিক সম্মেলন করতে চায়, তাতে জান্তার আপত্তি কেন-জানতে চাইলে একজন কূটনীতিক জানান, জাতিসংঘে মিয়ানমারের প্রতিনিধিত্ব করছে অং সান সু চির দল এনএলডি নিয়ন্ত্রিত ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট (এনইউজি) কর্মকর্তা; আপত্তি এ কারণে।

বাংলাদেশের ভেতর দিয়ে রাখাইনে মানবিক সহায়তা করিডরের বিষয়ে সরকারের 'নীতিগত সম্মতির' বিষয়টি পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন গত ২৭ এপ্রিল সাংবাদিকদের জানান। এ বিষয়ে কার কার সঙ্গে অন্তর্বর্তী সরকার কথা বলেছে, কী কথা হয়েছে, সে বিষয়গুলোও রয়েসয়ে সামনে আনছেন সরকারের উপদেষ্টারা।

এ প্রসঙ্গে সরকারের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান গতকাল রোববার বলেন, 'আমরা মানবিক করিডর নিয়ে কোনো আলোচনা করিনি। এ বিষয়ে কোনো সিদ্ধান্ত হয়নি। এ নিয়ে কোনো পক্ষের সঙ্গে কোনো সমঝোতাও হয়নি।'

গতকাল 'রোহিঙ্গা প্রত্যাবাসন: আঞ্চলিক নিরাপত্তায় কৌশলগত প্রভাব ও ভবিষ্যৎ পথ' শীর্ষক এক সেমিনারে এসব কথা বলেন খলিলুর রহমান। সশস্ত্র বাহিনী বিভাগ ও বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) যৌথভাবে বিইউপি মিলনায়তনে এ সেমিনারের আয়োজন করে।

বিষয়টি আরেকটু খোলাসা করে খলিলুর রহমান বলেন, রাখাইনের সঙ্গে যে 'মানবিক করিডরের' কথা বলা হচ্ছে, তা 'করিডর' নয়। তাঁরা রাখাইনে মানবিক সহায়তা

১২-এর পৃষ্ঠায় দেখুন



আজ সকালে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার কাছে প্রতিবেদন জমা দেন কমিশনের সদস্যরা।

প্রধান উপদেষ্টার কাছে প্রতিবেদন জমা দিয়েছে স্বাস্থ্য সংস্কার কমিশন

ঢাকা ডেস্কঃ প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের কাছে প্রতিবেদন জমা দিয়েছে স্বাস্থ্যখাত সংস্কার কমিশন। সোমবার (৫ মে) সকাল ১১টায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার আছে প্রতিবেদন জমা দেন কমিশনের সদস্যরা।

২০২৪ সালের ১৭ নভেম্বর বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি অধ্যাপক এ কে আজাদ খানকে প্রধান করে ১২ সদস্যবিশিষ্ট স্বাস্থ্যখাত সংস্কার কমিশন গঠন করে অন্তর্বর্তী সরকার। কমিশনের সদস্য করা হয় অধ্যাপক ডা. মোহাম্মদ জাকির হোসেন, অধ্যাপক ডা. লিয়াকত আলী, অধ্যাপক ডা. সায়েবা আক্তার, অধ্যাপক ডা. নায়লা জামান খান, সাবেক সচিব এস এম রেজা, অধ্যাপক ডা. মোজাহেরুল হক, ডা. আজহারুল ইসলাম খান, অধ্যাপক ডা. সৈয়দ মো. আকরাম হোসেন, অধ্যাপক ডা. সৈয়দ আতিকুল হক, ডা. আহমেদ এহসানুর রাহমান ও ঢাকা মেডিকেল কলেজের পঞ্চম বর্ষের শিক্ষার্থী উমায়ের আফিফকে।

যুক্তরাষ্ট্রের সবার ন্যায্য আইনি অধিকার আছে কিনা, জানেন না ট্রাম্প

ঢাকা ডেস্কঃ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্প্রতি এক টেলিভিশন সাক্ষাৎকারে যুক্তরাষ্ট্রের সংবিধানে বর্ণিত 'ডিউ প্রক্রিয়া' বা যথাযথ আইনি অধিকার সম্পর্কে দ্বিধান্বিত মন্তব্য করেছেন। এনবিসির 'মিট দ্য প্রেস' অনুষ্ঠানে ক্রিস্টেন ওয়েলকারকে দেয়া এক বিস্তৃত এবং কিছুটা বিতর্কিত সাক্ষাৎকারে তিনি যুক্তরাষ্ট্রের নাগরিক ও অনাগরিকদের ন্যায্য আইনি অধিকার প্রসঙ্গে বলেন, 'আমি জানি না। আমি তো আইনজীবী নই।' খবর এপি।

এই মন্তব্য মার্কিন রাজনীতিতে ব্যাপক প্রতিক্রিয়ার জন্ম দিয়েছে। ডেমোক্র্যাটরা আগে থেকেই ট্রাম্পের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রে আইনি অধিকারের মৌলিক ধারণাকে খর্ব করার অভিযোগ করে আসছিল। কিলমার আব্রেগো গার্সিয়ার ঘটনাকে সামনে এনে তারা ট্রাম্প প্রশাসনের নীতির সমালোচনা করে। সালভাদরের নাগরিক গার্সিয়াকে ভুলবশত যুক্তরাষ্ট্র থেকে নির্বাসন দিয়ে এল সালভাদরে পাঠিয়ে জেলে রাখা হয় এবং আদালতের আদেশ সত্ত্বেও তাকে ফেরত আনা হয়নি।

ট্রাম্প বলেন, আব্রেগো গার্সিয়া একটি ভয়ঙ্কর আন্তর্জাতিক গ্যাংয়ের সদস্য এবং তিনি মার্কিন জনগণের নিরাপত্তার স্বার্থে এমন ব্যক্তিদের দ্রুত বহিষ্কার করতে চান। তিনি বলেন, 'আমি নির্বাচিত হয়েছি এসব লোককে এখান থেকে বের করে দেয়ার জন্য। কিন্তু আদালত এতে বাধা হয়ে দাঁড়িয়েছে।

সাক্ষাৎকারে ট্রাম্প দাবি করেন, কানাডাকে যুক্তরাষ্ট্রের ৫১তম রাজ্য করার ইচ্ছা থাকলেও সামরিক হস্তক্ষেপের প্রয়োজন হবে না। যদিও তিনি এই বক্তব্য আগে বহুবার দিয়েছেন, এবার কিছুটা নমনীয়তা দেখিয়ে বলেন, 'আমি মনে করি না এতে সেনাবাহিনী প্রয়োজন হবে। আমি সৎভাবেই বলছি। 'তবে গ্রিনল্যান্ড নিয়ে তিনি আগের মতোই আগ্রহী জানিয়ে বলেন, 'আমাদের জাতীয় এবং আন্তর্জাতিক নিরাপত্তার জন্য সেটা দরকার।'

যুক্তরাষ্ট্রের অর্থনীতি নিয়ে বিশ্লেষকদের উদ্বেগ থাকলেও ট্রাম্প বলেন, দেশ এখন একটি রূপান্তরের মধ্যে দিয়ে যাচ্ছে এবং অর্থনীতি দারুণভাবে ভালো করবে। তবে প্রথম প্রান্তিকে অর্থনীতিতে শূন্য দশমিক ৩% পতনের দায় তিনি অস্বীকার করে বলেন, 'ভালো দিকগুলো ট্রাম্প অর্থনীতি আর খারাপ দিকগুলো বাইডেন অর্থনীতি।'

ভারতের ব্ল্যাকআউট মহড়া, সীমান্তে আটার মজুত বাড়াচ্ছে পাকিস্তান, যুদ্ধ কি লেগে যাচ্ছে

ঢাকা ডেস্কঃ পাকিস্তানের সঙ্গে ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে ভারতের পাঞ্জাব রাজ্যের ফিরোজপুর সেনানিবাস এলাকায় ব্লযাকআউট মহড়া অনুষ্ঠিত হয়েছে। যুদ্ধের পূর্বপ্রস্তুতি হিসেবে আজ রোববার (৪ মে) রাত ৯টা থেকে ৯টা ৩০ মিনিট পর্যন্ত আধঘণ্টার জন্য এই এলাকার সব আলো বন্ধ রাখা হয়। অন্যদিকে, সম্ভাব্য হামলার আশঙ্কায় সীমান্তের লাইন অব কন্ট্রোল (নিয়ন্ত্রণরেখা) বরাবর অরক্ষিত এলাকাগুলোতে গমের আটা মজুত করা শুরু করেছে পাকিস্তানশাসিত আজাদ কাশ্মীর।

এনডিটিভির প্রতিবেদনে বলা হয়েছে, ব্লযাকআউট মহড়া সফলভাবে সম্পন্ন করার জন্য ফিরোজপুর সেনানিবাসের প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা প্রশাসক (ডেপুটি কমিশনার) ও স্টেশন সদর দপ্তরের কাছে 'সমর্থন ও সহযোগিতা' চান। সেনানিবাসের এই দুই কর্মকর্তা পাঞ্জাব স্টেট পাওয়ার করপোরেশন লিমিটেডকে (পিএসপিসিএল) মহড়ার নির্ধারিত সময়ে বিদ্যুৎ বিচ্ছিন্ন করতে বলেন। তিনি পিএসপিসিএলে পাঠানো একটি চিঠিতে বলেন, 'সম্পূর্ণ ব্লযাকআউট বিবেচনা করে এই সময়টিতে পর্যাপ্ত নিরাপত্তাব্যবস্থা নিশ্চিত করার অনুরোধ করা হচ্ছে।' তিনি আরও বলেন, 'চলমান যুদ্ধের হুমকির সময় ব্লযাকআউট পদ্ধতি



প্রতীকী ছবি। ছবি: এআই দিয়ে তৈরি

বাস্তবায়নে প্রস্তুতি ও কার্যকারিতা নিশ্চিত করাই এই মহড়ার লক্ষ্য।' এলাকার বেসামরিক নাগরিকদের এই বিষয়ে জানাতে একজন ব্যক্তি মাইকসহ ব্যাটারিচালিত রিকশায় শহরের চারপাশে ঘুরে ঘোষণা করেন।

গত মাসের ২২ এপ্রিল জম্মু ও কাশ্মীরের পেহেলগামে সন্ত্রাসীদের হামলায় ২৬ জন পর্যটক নিহত হন। এই ঘটনার পর ভারত ও পাকিস্তানের মধ্যে উত্তেজনা ক্রমশ বেড়েই চলেছে। ভারত এই ঘটনার জন্য পাকিস্তানকে দায়ী করেছে এবং বেশ কিছু কঠোর পদক্ষেপ নিয়েছে। এর পাল্টা ব্যবস্থা হিসেবে পাকিস্তানও কিছু পদক্ষেপ নিয়েছে। সবকিছু মিলিয়ে দুই দেশের মধ্যে বর্তমানে যুদ্ধের পরিস্থিতি বিরাজ করছে।

এদিকে ভারতের সঙ্গে টান টান উত্তেজনা এবং সম্ভাব্য হামলার আশঙ্কায় সীমান্তের লাইন অব কন্ট্রোল (এলওসি) বরাবর অরক্ষিত এলাকাগুলোতে যুদ্ধকালীন তৎপরতায় গমের আটা মজুত করতে শুরু করেছে পাকিস্তানশাসিত আজাদ কাশ্মীরের খাদ্য দপ্তর। পাকিস্তানি সংবাদমাধ্যম দ্য ডনের প্রতিবেদনে বলা হয়েছে, আজাদ কাশ্মীরের প্রধানমন্ত্রী চৌধুরী আনোয়ারুল হকের নির্দেশনায় এলওসি-সংলগ্ন এলাকার বাইরেও বিভিন্ন জায়গায়

২৫-এর পৃষ্ঠায় দেখুন

ওয়াশিংটন ডিসির

বাংলাদেশ দূতাবাসে ‘ওপেন হাউস’ অনুষ্ঠান





বাংলা পত্রিকা ডেস্ক: ওয়াশিংটন ডিসির বাংলাদেশ দূতাবাসে শনিবার (৩ মে শনিবার) ‘পাসপোর্ট ডিসি’স অ্যাম্বাসী ট্যুর-২০২৫’-এর অংশ হিসেবে এক ‘ওপেন হাউস’ অনুষ্ঠানের আয়োজন করা হয়। দূতাবাসের অডিটোরিয়ামে জামদানি ও টাঙ্গাইল শাড়িসহ বাংলাদেশের ঐতিহ্যবাহী হস্তশিল্পের বেশ কয়েকটি স্টল ছিল। দর্শনার্থীরা অত্যন্ত আগ্রহের সঙ্গে পোস্টার, লিফলেট এবং বই সংগ্রহ করেন যা বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস, মহান ভাষা আন্দোলন ও দেশের সমৃদ্ধ সংস্কৃতি, ঐতিহ্য এবং দর্শনীয় পর্যটন স্থানগুলোকে তুলে ধরে।

অনুষ্ঠানে দূতাবাসের কর্মকর্তা ও কর্মচারীগণ এবং তাদের শুভানুধ্যায়ীরা চমৎকার দেশাত্মবোধক গান ও নৃত্য পরিবেশন করে দর্শকদের মুগ্ধ করেন। দিনব্যাপী এ অনুষ্ঠান উপভোগ করতে বিভিন্ন দেশের প্রায় ৩,০০০ দর্শক বাংলাদেশ দূতাবাসে আসেন। এ উপলক্ষে অতিথিদের জন্য ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবার প্রদর্শন ও পরিবেশন করা হয়। -প্রেস বিজ্ঞপ্তি।

পোপের পোশাকে ডোনাল্ড ট্রাম্প!



বাংলা পত্রিকা ডেস্ক: ক্যাথলিক খ্রিষ্টধর্মের সর্বোচ্চ ধর্মীয় নেতার পদের আনুষ্ঠানিক নাম পোপ। সম্প্রতি পোপ ফ্রান্সিস মৃত্যুবরণ করায় পোপের পদটি খালি হয়েছে। আর কিছুদিন আগেই ডোনাল্ড ট্রাম্প হাস্যরসের মাধ্যমে জানিয়েছিলেন, পোপ হিসেবে তিনিই নিজের প্রথম পছন্দ। এবার তিনি পোপের পোশাক পরা একটি ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করেছেন। অবশ্য ছবিটি কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই দিয়ে তৈরি।

ডোনাল্ড ট্রাম্প পোপের পোশাকে নিজের একটি এআই দিয়ে তৈরি ছবি পোস্ট করেছেন। পোপ ফ্রান্সিসের মৃত্যুর মাত্র ১১ দিন পর তিনি এই ছবি শেয়ার করলেন।

ডোনাল্ড ট্রাম্প তাঁর নিজ মালিকানাধীন সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে ছবিটি শেয়ার করেছেন। এতে দেখা যাচ্ছে, প্রেসিডেন্ট ট্রাম্প সাদা পোশাকে ‘মিটর’ নামে পরিচিত পোপের টুপি পরে আছেন। তাঁর গলায় একটি বড় ক্রুশও ঝুলছে।

এর আগে প্রেসিডেন্ট ট্রাম্প রসিকতা করে বলেছিলেন, তিনি পোপ হতে চান। পোপ ফ্রান্সিসের উত্তরসূরি কে হওয়া উচিতড়এমন প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। হোয়াইট হাউসের লনে সাংবাদিকদের তিনি বলেন, ‘আমি পোপ হতে চাই। এটাই হবে আমার এক নম্বর পছন্দ।’ ট্রাম্প আরও বলেন, তাঁর নির্দিষ্ট কোনো পছন্দ নেই। তবে নিউইয়র্কের একজন কার্ডিনালের এই পদের জন্য ‘খুবই ভালো’ হয় বলে তিনি উল্লেখ করেন।

পোপ ফ্রান্সিস ৮৮ বছর বয়সে মারা যান। স্ট্রোক ও হৃদ্‌রোগে তাঁর মৃত্যু হয়। নতুন পোপ নির্বাচনের জন্য কনক্লেভ বা সভার কাজ চলছে। ট্রাম্পের এই পোস্ট নিয়ে বিভ্রান্তি ও সমালোচনা সৃষ্টি হয়েছে। অনেকে এটিকে অসম্মানজনক বলে অভিহিত করেছেন।

৫-এর পৃষ্ঠায় দেখুন

জ্যামপার্ক ও ফ্রাশিংয়ের প্রাণকেন্দ্র সিটি লাইনে পুপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কমপ্লেক্স এডিনিটর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন ফ্রিতে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত অনিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158, Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

আপনাদেও কাছে থেকে পাওয়া চিঠিতে আমরা জানতে পেরেছি যে– আপনাদেও জানার বিষয় হচ্ছে ইউএসএ'তে স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য কী কী তথ্যপত্র প্রয়োজন।

আপনাদেও জানতে চাওয়ার প্রেক্ষিতে পুনরায় উল্লেখ করা যাচ্ছে যে, যদি কেউ ইউএসএ'তে অবস্থান করেন এবং তার পারিবারিক কিংবা চাকুরিভিত্তিক আবেদনের অনুমোদন থাকে তবে তিনি স্ট্যাটাস এ্যাডজাস্ট করে গ্রিনকার্ড পেতে পারেন।

স্প্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য যা যা প্রয়োজন ঃ

মে ২০২৫ ভিসা বুলেটিন ঃ

ইউএন স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) মে ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। সে ২০২৫'র পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, ফাইনাল এ্যাশান ডেট বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদেও চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে আপনাদেও প্রায়োরিটি তারিখ, নির্ণয় হবে ঐ তারিখের পূর্বে।

মে ২০২৫'র সার্বিক পর্যালোচনার দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক বয়সের উর্ধ্বে অবিবাহিত সন্তানাদি এবং সহোদও ভাইবোনঃ

উপরে উল্লেখিত ব্যক্তিদেও পারিবারিক ভিত্তিতে স্ট্যাটার্স এ্যাডজাস্টমেন্টের যদি– (১) বৈধ ভিসায় ইউএসএ'তে প্রবেশ কওে থাকেন, এবং (২) বর্তমানে যদি স্ট্যাটাস বৈধ থাকে, (৩) যদি অনুমোদিত আই-১৩০ থাকে সেই সাথে; (৪) যদি তার ক্যাটাগরিতে ভিসা যথেস্ট থাকে।

গ্রিনকার্ডধারী ঃ একজন গ্রিনকার্ডধারী তিনি তার নিম্নে উল্লেখিত আত্মীয়ের জন্য আবেদন করতে পারবেন ঃ

১) স্পাউস (স্বামী/স্ত্রী);

২) অবিবাহিত সন্তান, যদি তাদেও বৈধ প্রবেশ এবং বর্তমান স্ট্যাটাস বৈধ হয়।

উপরক্ত অনুমোদিত আই-১৩০ পিটিশন অনুমোদিত হলে এবং আবেদনকৃত ক্যাটাগরিতে যদি ভিসা থাকে।

কর্মভিত্তিক কেস ঃ

সকল কর্মভিত্তিক ক্যাটাগরিতে ইউএসএ'তে আপনার স্ট্যাটাস এ্যাডজাস্ট করত পারবেন। কেবল সেই ক্ষেত্রে যদি আপনার এ দেশের প্রবেশ এবং বর্তমান স্ট্যঅটাস বৈধ হয়। এছাড়াও, আপনি স্ট্যাটাস এ্যাডজাস্ট করতে পারবেন যদি আপনার অনুমোদিত লেবার সার্টিফিকেশন এবং অনুমোদিত আই-১৩০ থাকে। এছাড়ও প্রী ক্যাটাগরিতে আপনার ভিসা থাকতে হবে।

২৪৫-আই ঃ আবেকটি ব্যতিক্রমী ভিসা এন্ট্রি এবং বৈধ স্ট্যাটাস আছে যদি আপনি সেকশন ২৪৫-আই সুবিধাভোগী হয়ে থাকেন।

একজন যদি সেকশন ২৪৫-আই'র সুবিধাভোগী হযে থাকেন সেক্ষেত্রে আপনার আপনার বৈধ ভিসা এন্ট্রি না থাকলেও স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করত পারবেন। এক্ষেত্রে বৈধ স্ট্যাটাস ছাড়াও ইউএসএ'তে বসবাস করলেও স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন।

এ ব্যাপারে আমাদেও পরামর্শ হচ্ছে– ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনে একজন অভিজ্ঞ বিশেষজ্ঞ আইনজীবির পরামর্শ গ্রএঞন করা উত্তম।

মে ২০২৫ ভিসা বুলেটিন ঃ

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) মে ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করা হলো। মে ২০২৫'র পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো।

উল্লেখ্য যে, ফাইনাল এ্যাকানডেন্ট বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদেও চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আর এতে কওে আপনাদেও প্রায়োরিটি তারিখ নির্ণয় হবে ঐ তারিখের পূর্বে।

মে ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা খ্যাটাগরিতে খুব সামান্য অগ্রগত হয়েছে।

ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্সেস:

প্রথম: (এক ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যা: মার্চ ১৫, ২০১৬ ।

দ্বিতীয়: পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ.(এফ ২) : পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), এবং ২১ নিম্ন বয়সের সন্তান, জানুয়ারি ০১, ২০২২।

বি. (এফ ২বি): পার্মানান্ট রেসিডেন্সদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সি) মে ২২, ২০১৬।

তৃতীয়: (এফএ) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা, এপ্রিল ১ ২০১১।

চতুর্থ: (এফ ৪) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই বোন, আগষ্ট ০১, ২০০৭।

পারিবারিক ও চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেট এর ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো। যাতে তিনি আপনার সাথে আলাপ করে সঠিক ও ভালো পরামর্শ দিতে পারবেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (৩৮ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DFI KJ, DFS MI, DB&F GA, DCFR MD AND FLOFR FL
NMLS NO. 1888789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9996	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-8790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস



উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগ: (৭১৮) ৭২১-৩৬৫১, (৭১৮) ৮১০-৬৮৫৮

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অম্লরোগের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিয়াইটিস *স্বরভঙ্গ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *প্র্যাক্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখনিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office:
2017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office:
494 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।



❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

ট্রাম্পের দ্বিতীয় মেয়াদের প্রথম ১০০ দিনে সবচেয়ে বেশি সম্পদ হারালেন যাঁরা, বাড়ল যাঁদের



ট্রাম্পের শপথ অনুষ্ঠানে উপস্থিত বিলিয়নিয়ারদের একাংশ। ছবি: এএফপি

ঢাকা ডেস্কঃ মার্কিন প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্প যেদিন দ্বিতীয় মেয়াদের শপথ নেন, সেদিন বিশ্বের শীর্ষ ধনকুবের ইলন মাস্ক বলেছিলেন, 'জয়ের অনুভূতি হয়তো সত্যিই এমন।' তিনি আরও বলেছিলেন, 'ভবিষ্যৎ নিয়ে আমি দারুণ আশাবাদী... আশাবাদ তো আমেরিকার অন্যতম প্রিয় মূল্যবোধ।' কিন্তু ট্রাম্পের দ্বিতীয় মেয়াদের ১০০ দিন পেরিয়ে গেলেও ইলন মাস্কের জন্য আশাবাদী হওয়ার মতো কিছু ঘটেনি।

কেবল ইলন মাস্কের ক্ষেত্রেই নয়, ট্রাম্পের দ্বিতীয় মেয়াদের ১০০তম দিন পার হতে না-হতেই ইলন মাস্কসহ অনেক বিলিয়নিয়ারের জন্যই সেই আশাবাদ অনেকটাই মলিন হয়ে গেছে। ৫০ বছরের মধ্যে শেয়ারবাজার সবচেয়ে খারাপ সূচনা দেখেছেন তাঁরা, শুল্কযুদ্ধের কারণে এসঅ্যান্ডপি-৫০০ ও ডাউ জোন্স উভয় সূচক প্রায় ৮ শতাংশ পড়ে গেছে।

এই ধাক্কায় সবচেয়ে বড় আর্থিক ক্ষতির মুখে পড়েছেন ইলন মাস্ক। ট্রাম্পের শপথের পর থেকে তাঁর সম্পদ ৪৫ বিলিয়ন ডলার কমেছে। ট্রাম্প প্রশাসনের অর্থনৈতিক নীতির প্রবক্তা পিটার নাভারোর সঙ্গে তিনি প্রকাশ্যে বিতণ্ডায় জড়িয়েছেন এবং সরকারি দক্ষতাসংক্রান্ত একটি বিভাগে কাজ করার প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন। তাঁর প্রতিষ্ঠান টেসলার শেয়ারের দাম ৩৩ শতাংশ কমে যাওয়ায়-যার পেছনে রয়েছে শুল্কভীতি এবং মাস্কের রাজনৈতিক অবস্থানের কারণে জনসমর্থন হারানো-তাঁকে এখন পুরো মনোযোগ টেসলার দিকেই দিতে হচ্ছে।

তবে শুধু মাস্ক নন, ট্রাম্প ২.০ যুগে বহু ধনী মার্কিনি বিপুল পরিমাণ অর্থ হারিয়েছেন। শপথের দিন থেকে এখন পর্যন্ত আমেরিকার ৮০০ জন বিলিয়নিয়ারের সম্মিলিত সম্পদ ৩০০ বিলিয়ন ডলার কমে গেছে। মাস্ক ছাড়াও এই ক্ষতিগ্রস্তদের শীর্ষে রয়েছেন জেফ বেজোস, সের্গেই ব্রিন ও মার্ক জাকারবার্গ। তাঁরা ট্রাম্পের শপথ অনুষ্ঠানে সম্মানজনক আসনে ছিলেন, কিন্তু তার পর থেকে যথাক্রমে ৩৫, ২৬ ও ২২ বিলিয়ন ডলার করে হারিয়েছেন।

অন্যান্য ট্রাম্প-ঘনিষ্ঠ ধনকুবেরদের অবস্থাও ভালো না। যেমন ওরাকলের ল্যারি এলিসনের সম্পদ কমেছে ২৮ বিলিয়ন ডলার, স্টিফেন শোয়ার্জম্যানের ১১ বিলিয়ন ডলার। এলিসন শপথের পরদিন ট্রাম্পের সঙ্গে একটি ৫০০ বিলিয়ন ডলারের এআই প্রকল্প নিয়ে বৈঠক করেছিলেন। শোয়ার্জম্যান প্রথমে ট্রাম্পকে সমর্থন না করার ঘোষণা দিলেও পরে অবস্থান পাল্টান।

তবে সব ধনকুবেরের জন্য সময়টা খারাপ যাচ্ছে না। ওয়ারেন বাফেট তাঁর বার্কশায়ার হ্যাথওয়ে কোম্পানিকে স্থিতিশীল রেখে ২০ বিলিয়ন ডলার সম্পদ বাড়িয়েছেন। তিনি আগে থেকেই শুল্ক নিয়ে উদ্বেগ প্রকাশ করেছিলেন এবং বড় অঙ্কের নগদ অর্থ ধরে রেখেছিলেন। পিটার থিয়েল ও আলেকজান্ডার কার্পের সম্পদও যথাক্রমে ৪ দশমিক ৯ ও ৩ দশমিক ৬ বিলিয়ন ডলার বেড়েছে, কারণ তাদের কোম্পানি পালান্টির মার্কিন সরকার থেকে বড় অর্ডার পেয়েছে।

ওয়ালমার্টের প্রতিষ্ঠাতা স্যাম ওয়ালটনের জীবিত তিন সন্তান প্রত্যেকে তিন বিলিয়ন ডলারের বেশি সম্পদ বাড়িয়েছেন। মূল্যস্ফীতির কারণে ক্রেতারা সাশ্রয়ী দোকানের প্রতি ঝুঁকছে বলে তাদের কোম্পানি লাভবান হয়েছে। ওয়ালমার্টের বর্তমান সিইও ডগ ম্যাকমিলন ট্রাম্পের সঙ্গে দেখা করে শুল্ক-বিরোধী অবস্থান জানিয়েছেন।

মাইক্রোসফটের সাবেক সিইও স্টিভ বালমার আট বিলিয়ন ডলার হারালেও মাইক্রোসফটের সহপ্রতিষ্ঠাতা বিল গেটস বিভিন্ন খাতে বিনিয়োগ করে লাভবান হয়েছেন। তিনি বর্জ্য ব্যবস্থাপনা কোম্পানি রিপাবলিক সার্ভিসেসে ৩৫ শতাংশ মালিকানা ধরে রেখেছেন, যার দাম ১৫ শতাংশ বেড়েছে।

এদিকে প্রেসিডেন্ট ট্রাম্প নিজেও আর্থিক ক্ষতির শিকার। দায়িত্ব নেওয়ার পর থেকে তার সম্পদ ১ দশমিক ৫ বিলিয়ন ডলার কমেছে। ট্রাম্প মিডিয়া অ্যান্ড টেকনোলজি গ্রুপের শেয়ারের দাম ৩৫ শতাংশ পড়ে গেছে, যা সামগ্রিক বাজারের পতনের চেয়ে অনেক বেশি।

তবে তিনি এখনো কিছু ধনকুবেরের সাফল্য নিয়ে গর্বিত। ৯ এপ্রিল ট্রাম্প ওভাল অফিসে দাঁড়িয়ে বলেছিলেন, চার্লস শোয়াব সেদিন আড়াই বিলিয়ন ডলার আয় করেছেন এবং রজার পেনস্কি আয় করেছেন ৯০০ মিলিয়ন ডলার। যদিও শোয়াবের নিট সম্পদ বেড়েছে মাত্র ৩৭৫ মিলিয়ন ডলার আর পেনস্কির সম্পদ বরং কমেছে ১ দশমিক ১ বিলিয়ন ডলার।

রাখাইনে মানবিক করিডর: জান্তার আপত্তিতে সরকারে দ্বিধা

৭-এর পৃষ্ঠায় পর

পৌঁছে দিতে একটি 'চ্যানেলের' বিষয়ে আলোচনা করেছেন। করিডর ও চ্যানেল এক নয়। এমন কিছু হলে (চ্যানেল) জাতিসংঘের তত্ত্বাবধানে পরিচালিত হওয়ার কথা, যার মাধ্যমে ত্রাণ ও খাদ্য যাবে।

খলিলুর রহমান বলেন, 'মানবিক করিডরের' নামে মিয়ানমারের সঙ্গে বাংলাদেশ কোনো 'প্রক্সি ওয়ারে' জড়াবে না। এ বিষয়ে যা প্রচার করা হচ্ছে, তা নিছকই অপতথ্য ও গুজব। বাংলাদেশ মিয়ানমারের সার্বভৌমত্বের প্রতি শ্রদ্ধাশীল, এটা উল্লেখ্য করে তিনি বলেন, দেশটিতে (মিয়ানমার) নতুন করে অস্থিতিশীলতা তৈরি হোক, এমন কিছুই বাংলাদেশ চায় না।

একই সেমিনারে প্রধান অতিথি ছিলেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। সামরিক জান্তা, আরাকান আর্মি ও এনইউজি মিয়ানমারের প্রধান অংশীজন, এমনটা উল্লেখ করে তিনি বলেন, যেকোনো স্থায়ী সমাধানে অবশ্যই এই তিন পক্ষকে অন্তর্ভুক্ত করতে হবে। বিশেষ করে আরাকান আর্মিকে, যারা এখন রাখাইন রাজ্যের বিশাল অংশ নিয়ন্ত্রণ করে।

রোহিঙ্গা প্রত্যাবাসনের ক্ষেত্রে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যকার দ্বিপক্ষীয় প্রক্রিয়া 'বৃথা'-এমনটা উল্লেখ করে পররাষ্ট্র উপদেষ্টা বলেন, একজন রোহিঙ্গাকেও এখনো প্রত্যাবাসন করা যায়নি। যেকোনো প্রত্যাবাসন অবশ্যই স্বেচ্ছায় হতে হবে। নিরাপত্তা ও পূর্ণ নাগরিকত্বের নিশ্চয়তা থাকতে হবে। তারা এমন জায়গায় ফিরে যাবে না, যেখানে তাদের জীবন ঝুঁকিপূর্ণ এবং তাদের অস্বীকার করা হয়।

জাতিসংঘ ও বাংলাদেশ সরকারের তথ্য অনুযায়ী, রাখাইনে মিয়ানমার সামরিক বাহিনী ও সহযোগীদের দমন-পীড়নের মুখে ১২ থেকে ১৩ লাখ রোহিঙ্গা সীমান্ত অতিক্রম করে বাংলাদেশে আশ্রয় নেয়।

গতকালের সভায় সশস্ত্র বাহিনী বিভাগের প্রিন্সিপাল স্টাফ অফিসার লে. জেনারেল এস এম কামরুল হাসান তাঁর বক্তব্যে রাখাইনে আরাকান আর্মির প্রভাব ও সীমান্ত এলাকায় মিয়ানমারের সরকারি কর্তৃপক্ষের অনুপস্থিতির জটিলতা তুলে ধরেন।

বক্তারা রোহিঙ্গা প্রত্যাবাসনকে আঞ্চলিক নিরাপত্তার বৃহত্তর প্রেক্ষাপটে দেখা, রোহিঙ্গাদের বিষয়ে আরাকান আর্মির অনিশ্চিত অবস্থান এবং ভৌগোলিক রাজনীতির বিভাজনের মধ্যে বাংলাদেশকে দ্বিপক্ষীয় ও বহুপক্ষীয় কূটনীতি, নিরাপত্তা, আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতার সংমিশ্রণে একটি বহুমুখী কৌশল গ্রহণের আহ্বান জানান।

বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের সভাপতি এম হুমায়ুন কবির, বিইউপির উপাচার্য মেজর জেনারেল মো. মাহবুব-উল আলম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সাহাব এনাম খান ও বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজের গবেষণা পরিচালক আবু সালাহ মো. ইউসুফসহ অন্যরা আলোচনায় অংশ নেন।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

চায়ের আড্ডাতেও চলছে না কথা। দেশকে আকার্ষকর করতে বলা হচ্ছে দেশী-বিদেশী নানা ষড়যন্ত্রের কথা। কিন্তু এসব আড্ডায় সচেতন প্রবাসীদের একটি-ই কথা। আগে দেশ রক্ষা করতে হবে। আর এজন্য সর্বাগ্রে প্রয়োজন 'দেশপ্রেম'। সকল কিছুর আগে সবার মাঝে 'দেশপ্রেম' জাগ্রত হলে অনেক সমস্যার সমাধান হবে এবং দেশ সঠিক পথে এগুবে।

২৩ মার্চ ২০২৫



হাশরের ময়দানে পাঁচটি প্রশ্ন

জা ফ র আ হ মা দ

ভয়াবহ হাশরের মাঠ। সেদিন পাপী গোনাহগারেরা ঘামতে থাকবে। পাপের সাথে মিল রেখে প্রত্যেকের কষ্টের ও ঘামের পরিমাণ হবে। আবু হুরাইরা রা: হতে বর্ণিত। রাসুলুল্লাহ সা: বলেছেন: কিয়ামতের দিন মানুষের ঘাম ঝরবে। এমনকি তাদের ঘাম যমীনে সত্তর হাত পর্যন্ত ছড়িয়ে পড়বে এবং তাদের মুখ পর্যন্ত ঘামে ডুবে যাবে; এমনকি কান পর্যন্ত। *(বুখারী:৬৫৩২, কিতাবুর রিকাক, বাবু ক্বাউলিহি তা'আলা:আলা ইয়াজুন্নু উলাই-কা.....,* *মুসলিম:২৮৬৩, আহমাদ:৯৪২৬. আ.প্র:৬০৮২, ইফা:৬০৮৮)*

সে মাঠের সময়ের পরিক্রমা সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন, "সেই দিনের পরিমাণ তোমাদের গণনায় সহস্র বৎসর।"*(সুরা সাজদা:৫)* "ওই দিনের ব্যাপ্তি পঞ্চাশ হাজার বছর।" *(সুরা মা'আরিজ:৪)*

সেদিনের সেই ভয়াবহ হাশরের মাঠে আদম সন্তানের ৫টি প্রশ্নের উত্তর না দেয়া পর্যন্ত দু'পা উঠাতে দেয়া হবে না। আব্দুল্লাহ ইবনে মাসউদ রা: হতে বর্ণিত। নবী সা: বলেছেন: কিয়ামতের দিবসে পাঁচটি বিষয় সম্পর্কে জিজ্ঞাসাবাদ হওয়ার আগ পর্যন্ত আদম সন্তানের পদদ্বয় আল্লাহর নিকট হতে সরতে পারবে না।

ক. তার জীবনকাল সম্পর্কে, কিভাবে অতিবাহিত করেছে?
খ. তার যৌবনকাল সম্পর্কে, কি কাজে তা বিনাশ করেছে?
গ. তার ধন-সম্পদ সম্পর্কে, কোথা হতে তা উপার্জন করেছে?
ঘ. এবং তা কি কি খাতে খরচ করেছে ?
ঙ. এবং সে যতটুকু জ্ঞান অর্জন করেছিল সে মোতাবেক কি কি আমল করেছে?
(তিরমিযি:২৪১৬, কিতাবু সিফাতিল কিয়মাহ ওয়ার রিকায়িকি....., *বাবুল কিয়ামাহ)*

মানুষের নৈতিক চরিত্র সংশোধনের জন্য, আল্লাহর ভয় ও আখিরাতের জবাবদিহির অনুভূতি জাগ্রত করার জন্য উল্লেখিত হাদীসটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আল্লাহর ভয় ও আখিরাতের জবাবদিহিতার অনুভূতি ছাড়া মানুষের নৈতিক চরিত্র সংশোধনের আশা করা যায় না। দুনিয়ার জীবনের পর অনন্ত অসীম একটি জীবন আছে, সেখানে প্রতিটি মানুষকে দুনিয়ার প্রতিটি কাজ ও কথার জবাব দিতে হবে। সেখানে একটি শক্তিশালী আদালত কায়েম করা হবে, সে আদালতের বিচারপতি হবেন স্বয়ং আল্লাহ রাব্বুল আলামীন। সেখানে কেউ কারো উপকারে আসবে না, সর্বময় ক্ষমতা থাকবে একমাত্র আল্লাহ তা'আলার। আল্লাহ তা'আলা বলেন,"এটি সেই দিন যখন কারোর জন্য কোন কিছু করার সাধ্য কারোর থাকবে না। ফায়সালা সেদিন একমাত্র আল্লাহর ইখতিয়ারাধীন থাকবে।"

(সুরা ইনফিতার:১৯)

অর্থাৎ কাউকে সেখানে তার কর্মফল ভোগ করার হাত থেকে নিষ্কৃতি দান করার ক্ষমতা কারোর থাকবে না। কেউ সেখানে এমন প্রভাবশালী হবে না যে, আল্লাহর আদালতে তাঁর রায়ের বিরুদ্ধে বেঁকে বসে এ কথা বলতে পারে, উমুক ব্যক্তি আমার আত্মীয়, প্রিয় বা আমার সাথে সম্পর্কিত, কাজেই দুনিয়ায় সে যত খারাপ কাজ করে থাকুক না কেন তাকে তো মাফ করতেই হবে। সেদিন পাঁচটি প্রশ্নের উত্তর দিয়ে সামনে এগুতে হবে। ভালো করে মনে রাখতে হবে যে, এই প্রশ্নগুলোর সমাধান না হওয়া পর্যন্ত আদম সন্তানের পদদ্বয় আল্লাহর নিকট হতে সরতে পারবে না।

প্রথম প্রশ্ন: তার জীবনকাল সম্পর্কে, কিভাবে অতিবাহিত করেছে?

মানুষের জন্য দুনিয়া মুলত: একটা পরীক্ষাগার। যে জিনিসকে সে বয়স বা আয়ুষ্কাল বলে মনে করে আসলে তা পরীক্ষার সময় যা তাকে এ দুনিয়ায় দেয়া হয়েছে। দুনিয়ায় যে ক্ষমতা ও যোগ্যতা তাকে দেয়া হয়েছে, যে সব বস্তুকে কাজে লাগানোর সুযোগ তাকে দেয়া হয়েছে, যে মর্যাদা নিয়ে বা অবস্থানে থেকে সে এখানে কাজ করছে এবং তার ও অন্যান্য মানুষের মধ্যে যে সম্পর্ক বিদ্যমান তার সবই মূল অসংখ্য পরীক্ষপত্র। জীবনের সর্বশেষ মুহূর্ত পর্যন্ত নিরবিচ্ছিন্নভাবে পরীক্ষা চলবে। এ পরীক্ষার ফলাফল দুনিয়ায় প্রকাশ পাবে না। বরং আখেরাতে তার সমস্ত পরীক্ষা পত্র পরীক্ষা ও যাঁচাই-বাচাই করে ফায়সালা দেয়া হবে। সে সফল না বিফল। তার সফলতা ও বিফলতা সবটাই নির্ভর করবে এ বিষয়ের ওপর যে, সে তার নিজের সম্পর্কে কি ধারণা নিয়ে এখানে কাজ করছে এবং তাকে দেয়া পরীক্ষার পত্রসমূহে সে কিভাবে জবাব লিখেছে। নিজের সম্পর্কে যদি সে মনে করে থাকে যে, তার কোন আল্লাহ নেই অথবা নিজেকে সে বহু সংখ্যক ইলাহর বান্দা মনে করে থাকে এবং পরীক্ষার সবগুলো পত্রে এ বিশ্বাসের ওপর ভিত্তি করে জবাব লিখে থাকে যে, আখিরাতে তার স্রষ্টার সামনে কোন জবাবদিহি করতে হবে না তাহলে তার জীবনের সমস্ত কর্মকাণ্ড ভুল হয়ে গিয়েছে। আর যদি সে নিজেকে একমাত্র আল্লাহর বান্দা মনে করে আল্লাহর মনোনীত পথ ও পন্থা অনুসারে কাজ করে থাকে এবং আখেরাতে জবাবদিহির চেতনা বিবেচনায় রেখে তা করে থাকে তাহলে সে পরীক্ষায় উত্তীর্ণ হয়ে গেলো। এ বিষয়টি আল কুরআনুল মাজিদে এত বেশী জায়গায় ও এত বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে যে, এখানে সবগুলো উল্লেখ করা সম্ভব হলো না। আল্লাহ তা'আলা বলেন," তিনি আল্লাহ যিনি হায়াত ও মওত সৃষ্টি করেছেন তোমাদেরকে পরীক্ষা করার জন্য যে, কে তোমাদের মধ্যে আমলের দৃষ্টিতে উত্তম আর কে অধম। তিনি মহাপরাক্রমশালী ও ক্ষমাশীল।" *(সুরা মূলক:২)*

দ্বিতীয় প্রশ্ন: তার যৌবনকাল সম্পর্কে, কি কাজে তা বিনাশ করেছে?

যৌবন কাল মানুষের জীবনের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। অত্যন্ত গুরুত্বপূর্ণ এ সময়-কালকে মানুষ খুব বেশী অবহেলা করে। এ সময় সে আজে-বাজে কাজে জড়িয়ে পড়ে। এ সময়ের ইবাদাতও আল্লাহর কাছে অত্যন্ত গ্রহণযোগ্য হিসাবে বিবেচিত। ফলে হাশরের কঠিণ ময়দান, খরত্বাপ রুদ্রে মানুষ হা-হুতাশ শুরু করবে। সেখানে আল্লাহর আরশের ছায়া ছাড়া বিন্দুমাত্র কোন ছায়ার ব্যবস্থা থাকবে না। সেদিন আল্লাহর আরশের ছায়ায় সাত প্রকার ব্যক্তিদের মধ্যে এই যুবকেরা থাকবে, যারা তাদের যৌবনকাল অতিবাহিত করেছে আল্লাহর নির্দেশিত পথে। আসলে যৌবন কাল এমন একটি সময় যখন মানুষের চিন্তাশক্তি, ইচ্ছা শক্তি, মনন শক্তি ও কর্মশক্তি থাকে অত্যন্ত প্রখর। এ সময় ইবাদাতের তৃপ্তি মানুষের কাছে ভিন্নভাবে প্রতিভাত হয়। তাই সেই যৌবনকাল কিভাবে অতিবাহিত করেছে সে সম্পর্কে মহান আল্লাহ কঠোরভাবে জিজ্ঞাসা করবেন।

তিন ও চার নং প্রশ্ন: ৩. তার ধন-সম্পদ সম্পর্কে, কোথা হতে তা উপার্জন করেছে? ৪. এবং তা কি কি খাতে খরচ করেছে ?

দুনিয়ার মোহ মানুষের স্বভাবজাত প্রকৃতি। আল্লাহ তা'আলা বলেন,"অবশ্য সে ধন দৌলতের মোহে খুব বেশী মত্ত।"*(সুরা আদিয়াত:৮)* তবে এ মোহকে আল্লাহর নির্দেশিত পথে সীমাবদ্ধ করতে হবে। আল্লাহ তা'আলা বলেন,"হে ঈমানদারগণ! তোমরা পরস্পরের ধন-সম্পদ অন্যায়ভাবে খেয়ে ফেলো না। লেনদেন হতে হবে পারস্পরিক রেজামন্দির ভিত্তিতে। আর নিজেকে হত্যা করো না। নিশ্চিত জানো, আল্লাহ তোমাদের প্রতি মেহেরবান।" *(সুরা নেসা:২৯)*

আল্লাহ তা'আলা বলেন,"যেদিন অর্থ-সম্পদ ও সন্তান-সন্ততি কোন কাজে লাগবে না, তবে যে বিশুদ্ধ অন্ত:করণ নিয়ে আল্লাহর সামনে হাজির হবে।"*(সুরা শুয়ারা:৮৮-৮৯)*

অর্থাৎ কিয়ামতের দিন যদি কোন জিনিস মানুষের কাজে লাগতে পারে তাহলে তা তার ধন-সম্পদ ও সন্তান-সন্ততি নয় বরং একমাত্র প্রশান্ত চিত্ত এমন একটি অন্তর যা কুফুরী,শিরক, নাফরমানী, ফাসেকী ও অশ্লীল কার্যকলাপ মুক্ত। ধন-সম্পদ এবং সন্তান-সন্ততি প্রশান্ত ও নির্মল অন্তরের সাথেই উপকারী হতে পারে। প্রশান্ত অন্তরকে বাদ দিয়ে এদের কোন উপকারিতা নেই। ধন-সম্পদ সেখানে কেবলমাত্র এমন অবস্থায় উপকারী হবে যখন মানুষ দুনিয়ায় ঈমান ও আন্তরিকতা সহকারে তা আল্লাহর নির্ধারিত পথে উপার্জন করে এবং তা আল্লাহর নির্দেশিত পথে ব্যয় হয়। নয়তো কোটিপতি ও বিলিয়ন সম্পদের মালিকরাও সেখানে পথের ভিখারী হবে। সন্তানদের দুনিয়ায় মানুষ নিজের সামর্থ অনুযায়ী ঈমান ও সৎ কর্মের শিক্ষা দিলে তবেই তারা সেখানে কাজে লাগতে পারে।


আল কুরআনের বিভিন্ন আয়াতে সম্পদ উপার্জন ও সম্পদ ব্যয়ের নির্দেশনা রয়েছে। বলা হয়েছে যে,হালাল পন্থায় উপার্জন করো, শয়তানের পদাংক অনুসরণ করো না। ব্যয়ের ক্ষেত্রে কৃপণতা, ব্যয়কুণ্ঠতা ও অপচয় করো না। কারণ অপচয়কারীকে আল্লাহ পছন্দ করেন না। অপচয়কারী শয়তানের বন্ধু। আবু হুরাইরা রা: হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সা: বলেছেন: "আল্লাহ তা'আলা পবিত্র, তিনি পবিত্র ও হালাল বস্তু ছাড়া গ্রহণ করেন না। আর আল্লাহ তা'আলা তাঁর প্রেরিত রাসুলদের যে হুকুম দিয়েছেন মু'মিনদেরকেও সে হুকুম দিয়েছেন। তিনি বলেছেন,"হে রাসুলগণ! তোমরা পবিত্র ও হালাল জিনিস আহার কর এবং ভাল কাজ কর। আমি তোমাদের কৃতকর্ম সম্বন্ধে জ্ঞাত।"*(সুরা আল মু'মিন:৫১)* তিনি আরো বলেছেন,"তোমরা যারা ঈমান এনেছো শোন। আমি তোমাদের যে সব পবিত্র জিনিস রিযক হিসেবে দিয়েছি তা খাও"-*(সুরা বাকারা:১৭২)* অত:পর তিনি এক ব্যক্তির কথা উল্লেখ করলেন, যে দূর-দূরান্ত পর্যন্ত দীর্ঘ সফর করে। ফলে সে ধূলি ধূসরিত রুক্ষ কেশধারী হয়ে পড়ে। অত:পর সে আকাশের দিকে হাত তুলে বলে,"হে আমার রব! অথচ তার খাদ্য হারাম, পানীয় হারাম, পরিধেয় বস্ত্র হারাম এবং আহার্যও হারাম। কাজেই এমন ব্যক্তির দু'আ তিনি কি করে কবুল করতে পারেন?" *(মুসলিম:২২৩৬, আন্ত. নাম্বার:১০১৫, কিতাবুয যাকাত, বাবু কবুলিস সাদাকাতে মিনাল কাসাবে.....,* *ইফা:২২১৫, ই.সে:২২১৬)*

পঞ্চম প্রশ্ন: এবং সে যতটুকু জ্ঞান অর্জন করেছিল সে মোতাবেক কি কি আমল করেছে?

পৃথিবীতে মানুষের শ্রেষ্টত্বের মূল কারণ হলো, মানুষকে জ্ঞান দান করা হয়েছে। জ্ঞান হলো আমলের পূর্ব শর্ত। কারণ যার জ্ঞান নেই তার ঈমান ও আমল ত্রুটিমুক্ত করা কঠিণ। আবার আমলহীন জ্ঞান হলো ঐ গাছের মতো যাতে কোন ফল নেই। যে ব্যক্তি নিজের জ্ঞান অনুযায়ী আমল করে না সে মূলত: তার জ্ঞানকে অপমানিত করে। সুতরাং জ্ঞান আহরনের সাথে সাথে আমলও করতে হবে।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.
Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
646-920-4799
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেস্ট রেট কম ● ইনভেস্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাস্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত
139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
(100% Scholarship for Training & Job Placement, Condition applied)
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

আগামী বছর ব্যাপক পরিসরে এক্সপো আয়োজনের সিদ্ধান্ত

শেষ পৃষ্ঠায় পর অনুষ্ঠিত হয়। বাড়ী ক্রয়-বিক্রয় সহ সংশ্লিস্ট বিষয়ে বিস্তারিত আলোচিত হয় সেমিনারগুলোতে। বিশেষ করে ইসলামী শরীয়া মোতাবেক ব্যাংক লোন পাওয়ার বিষয়ে ছিলো অনেকেরই আগ্রহ।

দুপুরে আনুষ্ঠানিকভাবে এক্সপোর উদ্বোধন করা হয়। এসময় স্বাগত বক্তব্য রাখেন ইউএসবিসিসিআই'র সভাপতি লিটন আহমেদ। এতে নিউইয়র্ক ষ্টেট অ্যাসেম্বলীম্যান ও সিটি মেয়র পদে ডেমোক্র্যাটিক প্রাইমারীতে প্রার্থী জোহরান মামদানী সহ সিটি প্রশাসন এবং বিভিন্ন প্রতিষ্ঠান ও সংগঠনের প্রতিনিধিরা বক্তব্য রাখেন। এছাড়াও ইউএসবিসিসিআই'র ডিরেক্টর আহাদ আলী, ইসমাইল হোসেন প্রমুখ বক্তব্য রাখেন। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন ফাহাদ হোসেন।

এক্সপোতে ১৬-এর পৃষ্ঠায় দেখুন



ছবি– কৃতজ্ঞতা নেহের সিদ্দিক ও তুষার







আগামী বছর ব্যাপক পরিসরে এক্সপো আয়োজনের সিদ্ধান্ত







১৫-এর পৃষ্ঠায় পর একই সাথে রিয়েল এস্টেট সহ ব্যাংক, মরটগেট প্রতিষ্ঠান ও এটর্নী অফিসের সমাবেশ দেখে এমন আয়োজনের প্রশংসা করেন অনেকেই। এক্সপোতে রিয়েল এস্টেট সহ অন্যান্য ব্যবসায় সাফল্যতা অর্জনকারীদের মাঝে অ্যাওয়ার্ড/সার্টিফিকেট প্রদান এবং ইউএসবিসিসিআই'র পরিচালকদের পরিচয় করিয়ে দেয়া হয় এবং নতুন সদস্যদের মাঝে সার্টিফিকেট প্রদান করা হয়।

সেমিনারগুলোতে প্রথম অথবা নতুন বাড়ীঘর ক্রয়ে ইচ্ছুকদের চাওয়া-পাওয়া এবং সমস্যা ও সমাধানগুলোর উপর বক্তারা গুরুত্বারোপ করেন। এসময় সংশ্লিস্টরা তাদের পেশাগত অভিজ্ঞতার আলোকে বিষয় ভিত্তিক তথ্যবহুল নানা বিষয় তুলে ধরেন। বক্তারা বলেন, বাড়ী ক্রয়ের জন্য অবশ্যই সিটি বা ষ্টেটের নিয়মকানুন মেনে চলতে হবে। তা না হলে বাড়ী রক্ষা করা সম্ভব হবে না। তবে সমস্যা হলে তার সমাধারও রয়েছে। এজন্য আগেভাগেই পদক্ষেপ নিতে হবে। তবে সবার আগে বিচেনায় রাখতে হবে বাড়ী ক্রয়ের পর তার মর্টগেজ নিয়মিত প্রদান করার সক্ষমতা আছে কিনা।

শনিবার সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত রিয়েল এস্টেট এক্সপো'র কর্মকান্ড চলে। এজন্য সকাল থেকেই অংশগ্রহনকারী



প্রতিষ্ঠানগুলো তাদের স্টল সাজিয়ে বসে এবং নির্ধারিত সময়ে আগ থেকেই প্রবাসী বাংলাদেশী সহ বিদেশীরাও লাগোর্ডিয়া ম্যারিয়ট হোটেলের বলরুমে আসতে থাকেন। বেলা ১২টার মধ্যেই এক্সপোস্থ জমজমাট হয়ে উঠে। মতবিনিময়ে অংশ নেয় এক্সপোতে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোর প্রতিনিধি আর দর্শনার্থীরা। বেলা দেড়টার দিকে আনুষ্ঠানিকভাবে এক্সপো'র উদ্বোধন করা হয়। অবশ্য অপরাহ্ন হতে না হতেই দর্শনার্থীর সংখ্যা কমতে থাকে। তবে গত বছর প্রথমবারের মতো অনুষ্ঠিত এক্সপোর চেয়ে এবার দর্শনার্থীর সংখ্যা বেশী পরিলক্ষিত হয়।

এদিকে এক্সপো'র কর্মকান্ড শেষ হওয়ার সাথে সাথে ইউএসবিসিসিআই'র পরিচালকবৃন্দ তাৎক্ষণিক এক সভায় মিলিত হয়ে এবারের এক্সপো পর্যালোচনা এবং ২০২৪ সালের প্রথম ও এবার দ্বিতীয়বারের এক্সপো'র সফলতার আলোকে আগামী বছর আরো ব্যাপক আয়োজনে বড় পরিসরে রিয়েল এস্টেট এক্সপো'র প্রত্যাশা ব্যক্ত করেন।























সাহিত্য সাময়িকী

নতুন গীতাঞ্জলি
রেজাউদ্দিন স্টালিন

তখন পাতায় পাতায় পবনদেব
ধুলোয় ধুলোয় বৈশাখ
মেঘ উল্টে যাচ্ছে গীতাঞ্জলি
কালো আর ধূসর অক্ষর থেকে
বেরিয়ে আসছেন রবীন্দ্রনাথ
বর্ণে বর্ণে ক্ষুধা ও ক্ষরার আর্তস্বর
বাক্যে বাক্যে তবু অভয় বাঁচার শঙ্খ

উচ্চারণ উপচে পড়ছে ঝড়
জিহ্বার পালে শার্সির সম্মোহন
ডাকঘরে জমাকৃত চিঠির শিলাবৃষ্টি
পোস্ট মাস্টার আসে না ইথাকায়
ক্ষুদ্রঋণে প্রশিক্ষণ নিচ্ছে রতন
শিখে নিয়েছে হাওয়া বদলের সূত্র

বৃক্ষরা বেদনার শান্তিনিকেতন
ছাত্ররা নির্বাসিত সেলফোনের দ্বীপে
এতো বজ্র এতো হাওয়া
এতো শন্ শন্
তবু রবীন্দ্রনাথের চোখ নিস্তব্ধ
চুল বিদ্যুতের ইশারা
শ্মশ্রু ক্ষুব্ধ মানচিত্র

গ্রীষ্মকালীন কবিতা
মাসুদার রহমান

বাঘ আইসক্রিম খাচ্ছে- এতোটা গরম

জানালা খুলেছি হাওয়া তো আসুক

জানালা খুলি না, রোদ এসে পড়ে

দেয়ালে ক্যালেন্ডার; তাও এক বৃহৎ জানালা
পাতা উল্টিয়ে নতুন ঋতুর দেশে যাওয়া যায়
তোমার শীতের দেশে যাওয়া যায়

অস্ত্র কারখানার সামান্য শ্রমিক আমি- তাই বলে
হিস্ট্রি স্যুটার ভেবো না

আলোর ইনকারেক্ট পাসওয়ার্ড
গোলাম রববানী

যত আলো, ততই আঁধার আরো-
যা মোটিফ- তা নকশা-চিত্র-
মনে করেন ফ্যাসিস্টের মতো সাহস এই আমাদেরও
ঝকঝকে দিন, ঝামেলা দিন

এহেন ঝিলমিলি রোদেলায়-মোটিফ আতঙ্ক ছড়াচ্ছে;
অন্ধ রাতে জ্যোৎস্না হেসে-
আমাজনিয়ার চোখ তাকিয়ে থাকে,
নির্বাক-ধূসর শূন্যতায় ডোবে।

ওদিকে তৈগা- এদিকে ম্যানগ্রোভ-
আলো, বাঁচার বাতাস- যেন তিমির তমিস্র!
যত আলো, ততই আঁধার আরো-
একটি খুনি শহর- নিহত সভ্য সভ্যতার জঙ্গল।
নিভুনিভু আলো- এই ডুবছে, এই জ্বলছে
এভাবেই আলো-আঁধারির কবিতা আসছে...

যে যেটির দৈন্যে বা অভাবে
তোফায়েল তফাজ্জল

যার ডানা ভেঙে গেছে তার কাছে উড়তে না পারার অক্ষমতা
বা যন্ত্রণা পৃথিবী সমান।
ঠাঁই-ঠিকানায় যে ছাই কপালে তার কাছে এক চিলতে অনুকম্পা লাভ
আকাশটা হাতের নাগালে পাওয়া থেকে আরো কিছু বেশি।
অভুক্তেই বুঝতে পারে ভোজ কী জিনিস।
মরুর প্রান্তরে যে পথিক পিপাসিত
সে সাক্ষাৎ বোঝ পায়, যে পানি কারণে, অকারণে অপচয় করা হয়
সে ক্ষতির পরিমাণ কতো!
যে চোখে ঘুমের খরা, অসুখে ছাড়ে না যাদের পিছন, তারা
হাতে-কলমে সবক পায়,
সুস্থতা কী বিশাল সম্পদ।
ঠিক তেমনি অন্ধকারে যাদের নিবাস
তারা বোঝে আলোর দীনতা।
যে যেটির দৈন্যে বা অভাবে তা পূরণ না হওয়াই
তার কাছে অহরহ কষ্টের চাবুক।

এসব দৃষ্টান্ত থেকে যারা শিক্ষা নেয় তারাই সক্ষম সামনে যেতে,
তাদের কাছেই সব অসম্ভব হয়ে যায় জল।
মাছি বা শূকর থেকে যারা পাঠ নেয়
তাদের পছন্দ আবর্জনা, জলাশয়, দুর্গন্ধ বা পেঁক-কাদা।
আর অত্যাচারী বা শোষক থেকে যারা দীক্ষা নেয় তারা জোঁকের বান্ধব।

তখনো তিথিরা
আশরাফ উদ্‌দীন আহমদ

নিস্পলক চেয়ে আছি দূরের আকাশে
রূপান্তর কোথায়...
অলৌকিক যবনিকা করোটির ভেতর
মাটির স্পর্শে অতীতের গন্ধ নাকে লাগে
সড়কের ধারে আজো আশ্চর্য সুন্দর ফুল ফোটে
মানুষ বড় অন্ধ মহাকালের মতো
পায়ের নীচে অন্তহীন চোরকাঁটা
না দেখার ভান করে নিজস্ব বলয়ে ছোটে
নয়ানজুলিতে পদ্ম ফোটে
ভাগাড়ে শালুক শাপলা,
বৈশাখি বাতাসে সূর্যমুখী সকাল
তখনো তিথিরা একলা...

ভালোবাসার নীলপদ্ম
জহিরুল হক বিদ্যুৎ

চৈতি রাতের পিঠ বেয়ে নেমে আসে
মেদহীন রোদের ঝলমলে নতুন সকাল।
রোদ ও বাতাসের নৃত্যছন্দে দুলে ওঠে
প্রেমময় সম্ভাষণে সবুজ পাতারা।
প্রকৃতি হেসে ওঠে নানান ফুল আর ফলে
পাখিরা গেয়ে ওঠে বর্ষবরণের গান।
অতীত প্রচ্ছদে নস্টালজিক পটভূমি
দিনলিপিতে যেন আলো-আঁধারি খেলা।
আগত স্বপ্ন জুড়ে হিজল ফুলের কারুকার্য
সুঁই সুতোয় বোনা নকশিকাঁথার আল্পনা।
করপুট মনে উঁকি দেয় রংধনু বিকেল
চোখের সরোবরে ভাসে ভালোবাসার নীলপদ্ম।
চুকে যাক হালখাতার সব হিসেব নিকেশ
বুক পেতে মেখে নেব কাঠফাটা রোদ্দুর,
হাতে হাত রেখে ভিজে যাব রিমঝিম বর্ষায়
একদিন শুভ্র কাশফুল ছুঁয়ে ফিরে যাব বসন্তদ্বারে-

নিঃশব্দ নির্জন বিকেল
সাজ্জাদুর রহমান

মাউসটা যেদিকেই ঘুরাই
তীরটা তোমার হৃদয় বিদ্ধ করে
তোমার রক্তের লোহিত কণিকা
কঠিন থেকে কঠিনতর জমাট পাহাড়
সত্যিকথা বলতে একচুল টলেনা
যেনো গূঢ়মাটির দুর্বোধ্য স্তবক
বারবার পেঁচিয়ে যায় নেটওয়ার্ক সভ্যতা।

আমার জমাট দুঃখের বুকে
তাজা হতে থাকে ক্ষত নিরবধি
খুব উল্লসিত তর্জনী খাঁজকাটা চাকা ঘুরিয়ে
জেগে ওঠা তোমার স্তনমুকুট চুম্বন করে
তোমার স্ফটিক নদীভ্রুণে দংসিত করে
স্রোতের বায়না
কিন্তু তোমার সমতলের বিদগ্ধ আলোড়ন
খুলে দেয় আত্মহত্যার লিরিক

ফালি ফালি নগ্ন সংলাপ নির্মাণ করে
অদ্ভুত মহাস্থানগড়
যে সভ্যতার গভীর গহনে হাঁসফাঁস করে
নিঃশব্দ নির্জন বিকেল।

ক্যাপিটল হিলে বাংলাদেশ ডে ও নববর্ষ উদযাপন





শেষ পৃষ্ঠায় পর

আয়োজক কমিটির চেয়ারম্যান আব্দুস শহীদের সভাপতিত্বে ও সদস্য সচিব শামীম মিয়ার সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন স্টেট সিনেটর লুইস সেপুলভেদা, স্টেট সিনেটর নাথালীয়া ফার্নান্ডজ, অ্যাসেম্বলিওম্যান কার্নেজ রায়াজ, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, কমিউনিটি অ্যাক্টিভিষ্ট জুনেদ চৌধুরী, আব্দুর রহিম বাদশা, মাহবুব আলম, আব্দুল হাসিব হাসনু, সামাদ মিয়া জাকেরিন, এন ইসলাম মামুন, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, মামুন টিউটোরিয়ালসের প্রিন্সিপাল শেখ আল মামুন ও স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী রথীন্দ্র নাথ রায়। এ সময় কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে সিরাজ উদ্দিন আহমদ সোহাগ, এডভোকেট নাসিরউদ্দিন, সাংবাদিক হাবিব রহমান, জাকির চৌধুরী সিপিএ, শাখাওয়াত আলী, ফরিদা ইয়াছমিন, সাঈদুর রহমান লিংকনসহ দেড় শতাধিক প্রবাসী বাংলাদেশী উপস্থিত ছিলেন। সভা শেষে মধ্যাহ্নভোজের আয়োজন করা হয় সিনেট ভবনে। পরে সিনেট অধিবেশন শুরু হলে সিনেটের মেজরিটি লিডার এন্ড্রিয়া স্টুয়ার্ট কুজিন্স ক্যাপিটল হিলে বাংলাদেশীদের স্বাগত জানান। অধিবেশনে স্টেট সিনেটর লুইস সেপুলভেদা, স্টেট সিনেটর জামাল টি বেইলী, স্টেট সিনেটর নাথালিয়া ফার্নান্দেজ '২৬ মার্চ বাংলাদেশের স্বাধীনতা দিবসের ইতিহাস ও লাখো শহীদের আত্মত্যারে বিষয় এবং বাংলা নববর্ষ পহেলা বৈশাখে ঐতিহ্য ও সংস্কৃতি তুলে ধরে প্রস্তাবনা উত্থাপন করেন। তাদের বক্তব্যের আলোকে উপস্থিত স্টেটের সকল সিনেটর প্রস্তাবনার পক্ষে সমর্থন জানান।

এদিকে এনআরবি ওয়ার্ল্ড ওয়াইড-এর সভাপতি বিশ্বজিৎ সাহার উদ্যোগে ষ্টেট অ্যাসেম্বী ও সিনেটের সহযোগিতায় প্রথ মবারের মতো ক্যাপিটাল হিলে বাংলা নববর্ষ পালনের মধ্য দিয়ে পহেলা বৈশাখ স্বীকৃতি প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়।



















অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ
পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডর ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট
তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানতে জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR
Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি ট্রান্সফার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- রেগুলার ভিয়েতনাম পাসপোর্ট (এমজারপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ ফুল/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- ডৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- অনলাক নোটিশ তৈরী করা।

- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- আর্থ পারমিট রিনিউর আবেদন করা।
- কাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- ষ্টেটাস এসিসটেন্স আবেদন করা।
- টাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ি/ফ্লাটের বাসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- নেপালি ওভারহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING!
JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডাঃ কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মান্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নি।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে কোন নতুন ব্যবসা শুরুসহ বিনিয়োগ মাধ্যমে Treaty (E-2) ভিসা জটিল এবার ব্যবসা করার সুযোগ ভোগ পাচ্ছেন এবং গ্রীনকার্ড পেতে আরো সহজ পাচ্ছেন।

আমেরিকা ১ মিলিয়ন বা তারও ৫ লক্ষ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার জটিল আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিনিময়ে এদেশে আপনার বিনিয়োগের অর্থ ফেরতের আমাদের সাহায্য পাবেন করতে পারেন।

দেশে কোন ফৌজদারী মামলা/পরিচালনা হলে আপনি ও আপনার পরিবার ব ভিসার ঝুঁকিতে ঝুঁকিতে পড়তে পারেন এবং দুঃখের পড় গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এপাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পারসোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিলেশনশিপসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকার বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে ধরা ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3293, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভনিং এবং উইকএন্ড এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- ফ্লু চিকিৎসা
- ত্রুটিপূর্ণ পণ্য জন্য
- স্লাকেন্স বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে জটি
- স্লেড বিষ সম্পর্কীয়
- কাজের সময় দুর্ঘটনা
- বিনামূল্যে প্রাথমিক পরামর্শ
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছনে পড়ে, ধ্রেটা পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses
